The

# Arbitration Act

[I of 2001 and X of 1940]

## Third Edition
## 2001

DLR

The

# Arbitration Act

(I of 2001 and X of 1940)

**Third Edition**
**2001**

**Dhaka Law Reports**

**Price Tk. 200.00**

Published by
**Esrarul Huq Chowdhury**

Printed at
**Al-Yakub Press**
264 Malibagh, Dhaka–1217

# Preface
## to 3rd edition

In the name of Almighty Allah, the most beneficent and merciful the second edition of this book was published in 1985. A revised edition has not been undertaken because of certain difficulties although the demand of the publication is tremendous in the market.

It goes without saying that the Arbitration Act is an important and useful statutory law and as such it has got tremendous demand of various agency particularly the governmental departments and the business community. The whole object underlying the Arbitration Act is to enforce the Arbitration agreement in which the parties concerned are bound themselves to have their disputes settled and adjudicated upon and decided through the courts or domestic tribunals or through any means as agreed upon by the parties. The object further enriched is to have speedy disposal of disputes by *quasi-judicial* means by avoiding formalities, technicalities, delay, expense and obstacles of litigation. It provides contractual right of both parties. Its horizon is limited within the domestic State and therefore this does not apply for foreign Arbitration.

DLR has revised the old Arbitration Act 1940 (now repealed) incorporating upto date amendments and the case laws. It is to be mentioned here that in a recent time a new-Arbitration Act No. I of 2001 has been enacted and published on 24th January 2001 and the same has come into force from 10th day of April, 2001 [vide Notification No. SRO 87-Law/2001 dated 09-04-2001, Published in Bangladesh Gazette Extraordinary dated 10-04-2001]. The Act has been drafted in Bengali by Law Ministry, DLR has ventured to

translate it into English and the same has been ably done by Mr Mohammad Mazibur Rahman, *LLB (Hons), LLM (DU), BCS (Judicial).* It is further mentioned that as per the proviso to section 56 of the new Act in the event of any conflict between Bangla Text and the English Text, the Bangla Text shall prevail. Keeping this provisions in view we have kept the old Arbitration Act, 1940 for the convenience of our valued readers.

Mr MA Sattar *M Com LLB,* Advocate Supreme Court has revised the old edition for which he deserves our sincere thanks. Our sincere thanks are also due to Mr Rahmatullah Sarker and Mohammad Mazibur Rahman, *LLB (Hons), LLM (DU), BCS* (Judicial) both have taken much pains in scrutinizing the task of making a mistake free publication. Our sincere thanks are also due to Mr Kamal Hossain, the computer in-charge and others involved in bringing out this publication quickly.

The possibility of inadvertent printing error can not be ruled out. Intimations of any error or any material suggestions for all out improvement of the publication will be very much appreciated and be corrected to in the next edition.

We shall consider our labour amply rewarded, if the publication is found useful to our esteemed readers.

Dhaka
May, 2001
k

**Publisher**

The

# Arbitration Act

[I of 2001]

## Contents


| *Sections* | *Subject Matter* | *Pages* |
|---|---|---|
| a. | Preface | iii |
| b. | Contents | v |

## Chapter I

### Introductory

| | | |
|---|---|---|
| 1. | Short title, extent and commencement | 2 |

## Chapter II

### General Provisions

| | | |
|---|---|---|
| 2. | Definitions | 2 |
| 3. | Scope | 4 |
| 4. | Construction of References | 5 |
| 5. | Receipt of written communications | 5 |
| 6. | Waiver of right to object | 6 |
| 7. | Jurisdiction of Court in respect of matters covered by arbitration agreement | 6 |
| 8. | Administrative assistance | 6 |

## Chapter III

### Arbitration Agreement

| | | |
|---|---|---|
| 9. | Form of arbitration agreement | 6 |
| 10. | Arbitrability of the dispute | 7 |

# সালিসী আইন
[১নং ২০০১]

## Contents


| *ধারা* | *বিষয়বস্তু* | *পৃষ্ঠা* |
|---|---|---|
| a. | Preface | iii |
| b. | Contents | v |

**পরিচ্ছেদ ১**

**প্রারম্ভিক**

| | | |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন | ২ |

**পরিচ্ছেদ-২**

**সাধারণ বিধানাবলী**

| | | |
|---|---|---|
| ২। | সংজ্ঞা | ২ |
| ৩। | পরিধি | ৪ |
| ৪। | বরাতের ব্যাখা | ৫ |
| ৫। | লিখিত যোগাযোগের প্রাপ্তি | ৫ |
| ৬। | আপত্তির অধিকার পরিত্যাগ | ৬ |
| ৭। | সালিস চুক্তির আওতাভুক্ত বিষয়ে আদালতের এখতিয়ার | ৬ |
| ৮। | প্রশাসনিক সহায়তা | ৬ |

**পরিচ্ছেদ-৩**

**সালিস চুক্তি**

| | | |
|---|---|---|
| ৯। | সালিস চুক্তির ধরণ | ৬ |
| ১০। | বিরোধের সালিসযোগ্যতা | ৭ |

# Chapter IV

## Composition of Arbitral Tribunal


| | | |
|---|---|---|
| 11. | Number of arbitrators | 7 |
| 12. | Appointment of arbitrators | 8 |
| 13. | Grounds for challenge | 10 |
| 14. | Challenge procedure | 11 |
| 15. | Termination of arbitrator's mandate | 11 |
| 16. | Substitution of an arbitrator whose mandate has been terminated | 12 |


# Chapter V

## Jurisdiction of Arbitral Tribunals


| | | |
|---|---|---|
| 17. | Competence of arbitral tribunal to rule on its own jurisdiction | 13 |
| 18. | Severability of agreement | 13 |
| 19. | Objection as to the jurisdiction of the arbitral tribunal | 13 |
| 20. | Powers of the High Court Division in deciding jurisdiction | 14 |
| 21. | Powers of the arbitration tribunal to make interim orders | 14 |
| 22. | Settlement other than arbitration | 15 |


# Chapter VI

## Conduct of Arbitral Proceedings


| | | |
|---|---|---|
| 23. | General Responsibilities of the arbitral tribunal | 16 |
| 24. | The arbitral tribunal not bound by the Code of Civil Procedure and the Evidence Act | 16 |
| 25. | Determination of rules of procedure | 16 |
| 26. | Place of arbitration | 17 |
| 27. | Commencement of arbitral Proceedings | 17 |
| 28. | Consolidation of Proceedings and concurrent hearings | 18 |

## পরিচ্ছেদ-৪

## সালিসী ট্রাইব্যুনাল গঠন


১১। সালিসকারীর সংখ্যা ৭

১২। সালিসকারী নিয়োগ ৮

১৩। আপত্তির কারণসমূহ ১০

১৪। আপত্তি দায়েরের পদ্ধতি ১১

১৫। সালিসকারীর কর্তৃত্বের অবসান ১১

১৬। কর্তৃত্বের অবসান হইয়াছে এমন সালিসকারীর প্রতিসস্থাপন ১২


## পরিচ্ছেদ-৫

## সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার


১৭। সালিসী ট্রাইব্যুনালের স্বীয় এখতিয়ার বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা ১৩

১৮। চুক্তির বিভাজ্যতা ১৩

১৯। সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার বিষয়ে আপত্তি ১৩

২০। এখতিয়ার সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদানে হাইকোর্ট বিভাগের ক্ষমতা ১৪

২১। সালিসী ট্রাইব্যুনালের অন্তর্বর্তীকালীন আদেশ প্রদানের ক্ষমতা ১৪

২২। সালিস ব্যতীত অন্যভাবে নিষ্পত্তি ১৫


## পরিচ্ছেদ-৬

## সালিসী কার্যধারা পরিচালনা


২৩। সালিসী ট্রাইব্যুনালের সাধারণ দায়িত্ব ১৬

২৪। সালিসী ট্রাইব্যুনাল দেওয়ানী কার্যবিধি আইন এবং সাক্ষ্য আইন অনুসরণে বাধ্য নয় ১৬

২৫। কার্যবিধি নির্ধারণ ১৬

২৬। সালিসের স্থান ১৭

২৭। সালিসী কার্যধারা শুরু ১৭

২৮। কার্যধারা সংহতকরণ এবং একত্রে শুনানী ১৮

| | | |
|---|---|---|
| 29. | Statements of claim and defence | 18 |
| 30. | Hearings and proceedings | 19 |
| 31. | Legal or other representation | 19 |
| 32. | Power to appoint experts, Legal advisers or assessors | 19 |
| 33. | Summons to witnesses | 20 |
| 34. | Evidence before the arbitral tribunal | 21 |
| 35. | Powers of the arbitral tribunal in case of default of the parties | 21 |


## Chapter VII

### Making of arbitral award and termination of proceedings


| | | |
|---|---|---|
| 36. | Rules applicable to substance of dispute | 23 |
| 37. | Decision making by panel of arbitratorstral | 23 |
| 38. | Form and contents of arbitral tribunal | 23 |
| 39. | Award to be final and binding | 25 |
| 40. | Correction and interpretation of awards etc | 25 |
| 41. | Termination of proceedings | 26 |


## Chapter VIII

### Recourse against arbitral award


| | | |
|---|---|---|
| 42. | Application for setting aside arbitral award | 27 |
| 43. | Grounds for setting aside arbitral tribunal | 27 |


## Chapter-IX

### Enforcement of arbitral awards


| | | |
|---|---|---|
| 44. | Enforcement of arbitral award | 28 |

২৯। দাবীর বিবরনী ও জবাব ১৮
৩০। শুনানী ও কার্যধারা ১৯
৩১। আইনগত বা অন্যান্য প্রতিনিধিত্ব ১৯
৩২। বিশেষজ্ঞ, আইন উপদেষ্টা বা এসেসর নিয়োগের ক্ষমতা ১৯
৩৩। সাক্ষীর প্রতি সমন ২০
৩৪। সালিসী ট্রাইব্যুনালে সাক্ষ্য প্রদান ২১
৩৫। পক্ষগণের ব্যর্থতার ক্ষেত্রে সালিসী ট্রাইব্যুনালের ক্ষমতা ২১

## পরিচ্ছেদ-৭

## রোয়েদাদ এবং কার্যধারা পরিসমাপ্তি

৩৬। বিরোধের বিষয়বস্তুতে আইনের প্রয়োগ ২৩
৩৭। একাধিক সালিসকারীর সমন্বয়ে গঠিত সালিসী ট্রাইব্যুনালের সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি ২৩
৩৮। সালিসী রোয়েদাদের নমুনা ও বিষয়বস্তু ২৩
৩৯। রোয়েদাদ চূড়ান্ত ও বাধ্যকর ২৫
৪০। রোয়েদাদের সংশোধন, ব্যাখ্যা ইত্যাদি ২৫
৪১। কার্যধারার সমাপ্তি ২৬

## পরিচ্ছেদ-৮

## সালিসী রোয়েদাদের বিরুদ্ধে ব্যবস্থা

৪২। সালিসী রোয়েদাদ বাতিলের আবেদন ২৭
৪৩। সালিসী রোয়েদাদ বাতিলের কারণসমুহ ২৭

## পরিচ্ছেদ-৯

## সালিসী রোয়েদাদের প্রয়োগ

৪৪। সালিসী রোয়েদাদের প্রয়োগ ২৮

## Chapter X

### Recognition and enforcement of certain foreign arbitral awards


| | | |
|---|---|---|
| 45. | Recognition and enforcement of Foreign arbitral awards | 29 |
| 46. | Grounds for refusing recognition or execution of foreign arbitral awards | 30 |
| 47. | Power of Government to declare specified state | 31 |


## Chapter-XI

### Appeals


| | | |
|---|---|---|
| 48. | Appeals | 31 |


## Chapter XII

### Miscellaneous


| | | |
|---|---|---|
| 49. | Deposit of costs etc | 32 |
| 50. | Dispute as to arbitrator's remuneration or costs | 32 |
| 51. | Arbitration agreement not to be discharged by death of parties there to | 33 |
| 52. | Provision in case of bankruptcy | 33 |
| 53. | Jurisdiction | 34 |
| 54. | Application of this Act to other laws providing for arbitration | 34 |
| 55. | Limitations | 35 |
| 56. | Publication of a text in English | 35 |


## Chapter XIII

### Supplementary Provisions


| | | |
|---|---|---|
| 57. | Power of the Government to make rules | 35 |
| 58. | Power of the Supreme Court to make rules in certain cases | 36 |


## Chapter XIV

### Repeals and Savings


| | | |
|---|---|---|
| 59. | Repeal and savings | 36 |

## পরিচ্ছেদ-১০

### কতিপয় বিদেশী সালিসী রোয়েদাদের স্বীকৃতি ও বাস্তবায়ন

৪৫। বিদেশী সালিসী রোয়েদাদের স্বীকৃতি এবং বাস্তবায়ন ২৯
৪৬। বিদেশী সালিসী রোয়েদাদ বাস্তবায়ন অস্বীকৃতির কারণসমূহ ৩০
৪৭। নির্দিষ্ট রাষ্ট্র ঘোষণার জন্য সরকারের ক্ষমতা ৩১

## পরিচ্ছেদ-১১

### আপীল

৪৮। আপীল ৩১

## পরিচ্ছেদ-১২

### বিবিধ

৪৯। খরচ, ইত্যাদির জমাকরণ ৩২
৫০। সালিসকারীর পারিশ্রমিক ও খরচ সম্পর্কে বিরোধ ৩২
৫১। কোন পক্ষের মৃত্যুজনিত কারণে সালিস চুক্তি দায়মুক্ত নয় ৩৩
৫২। দেউলিয়াত্বের ক্ষেত্রে বিধান ৩৩
৫৩। অধিক্ষেত্র ৩৪
৫৪। সালিস এর বিধান সম্বলিত আইনের ক্ষেত্রে এই আইনের প্রয়োগ ৩৪
৫৫। তামাদি ৩৫
৫৬। ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ ৩৫

## পরিচ্ছেদ-১৩

### সম্পূরক বিধানাবলী

৫৭। সরকারের বিধি প্রণয়নের ক্ষমতা ৩৫
৫৮। কতিপয় ক্ষেত্রে সুপ্রীম কোর্টের বিধি প্রণয়নের ক্ষমতা ৩৬

## পরিচ্ছেদ-১৪

### রহিতকরণ ও হেফাজত

৫৯। রহিতকরণ ও হেফাজত ৩৬

The

# Arbitration Act

[X of 1940]

## Contents

*Sections* *Subject Matter* *Pages*

## Chapter I

### Introductory


| Sections | Subject Matter | Pages |
|---|---|---|
| 1. | Short title, extent and commencement | 37 |
| 2. | Definitions | 38 |


## Chapter II

### Arbitration without Intervention of a Court


| Sections | Subject Matter | Pages |
|---|---|---|
| 3. | Provision implied in arbitration agreement | 45 |
| 4. | Agreement that arbitrators be appointed by third party | 47 |
| 5. | Authority of appointed arbitrator or umpire irrevocable except by leave of Court | 48 |
| 6. | Arbitration agreement not to be discharged by death of party thereto | 52 |
| 7. | Provision in case of insolvency | 52 |
| 8. | Power of Court to appoint arbitrator or umpire | 53 |
| 9. | Power to party to appoint new arbitrator, or, in certain cases, a sole arbitrator | 58 |
| 10. | Provisions as to appointment of three or more arbitrators | 63 |
| 11. | Power of Court to remove arbitrators or umpire in certain circumstances | 64 |
| 12. | Power of Court where arbitrator is removed or his authority revoked | 66 |

| | | |
|---|---|---|
| 13. | Powers of arbitrator | 67 |
| 14. | Award to be signed and filed | 68 |
| 15. | Power of Court to modify award | 79 |
| 16. | Power to remit award | 80 |
| 17. | Judgment in terms of award | 85 |
| 18. | Power of Court to pass interim orders | 90 |
| 19. | Power to supersede arbitration where award becomes void or is set aside | 91 |


## Chapter III

### Arbitration with Intervention of a Court where there is no suit Pending


| | | |
|---|---|---|
| 20. | Application to file in Court arbitration agreement | 93 |


## Chapter IV

### Arbitration In Suits


| | | |
|---|---|---|
| 21. | Parties to suit may apply for order of reference | 102 |
| 22. | Appointment of arbitrator | 104 |
| 23. | Order of reference | 105 |
| 24. | Reference to arbitration by some of the parties | 106 |
| 25. | Provisions applicable to arbitrations under this Chapter | 107 |


## Chapter V

### General


| | | |
|---|---|---|
| 26. | Application of Chapter | 108 |
| 27. | Power of arbitrators to make an interim award | 108 |
| 28. | Power to Court only to enlarge time for making award | 109 |
| 29. | Interest on awards | 110 |
| 30. | Grounds for setting aside award | 112 |

| | | |
|---|---|---|
| 31. | Jurisdiction | 126 |
| 32. | Bar to suit contesting arbitration agreement or award | 128 |
| 33. | Arbitration agreement or award to be contested by application | 130 |
| 34. | Power to stay legal proceedings where there is an arbitration agreement | 138 |
| 35. | Effect of legal proceedings on arbitration | 160 |
| 36. | Power of Court, to order that a provision making an award a condition precedent to an action shall not apply to a particular difference | 162 |
| 37. | Limitations | 162 |
| 38. | Disputes as to arbitrator's remuneration or costs | 165 |

## Chapter VI

### Appeals

| | | |
|---|---|---|
| 39. | Appealable orders | 167 |

## Chapter VII

### Miscellaneous

| | | |
|---|---|---|
| 40. | Small Cause Court not to have jurisdiction over arbitrations save arbitrations in suits before it | 172 |
| 41. | Procedure and powers of Court | 173 |
| 42. | Service of notice by party or arbitrator | 174 |
| 43. | Power of Court to issue processes for appearance before arbitrator | 176 |
| 44. | Power to High Court to make rules | 176 |
| 45. | Government to be bound | 177 |
| 46. | Application of Act to statutory arbitrations | 177 |
| 47. | Act to apply to all arbitration | 177 |
| 48. | Saving for pending references | 178 |
| 49. | [Repeals and Amendments] Rep by the Repealing and Amending Act, 1945 (VI of 1945), section 2 and First Schedule | 179 |

## Arbitration Act, 1940

### The First Schedule

**(See section 3)**


Implied Conditions of Arbitration Agreements 180


### The Second Schedule

**(See section 41)**


Power of Court 183


*The Third Schedule, The Fourth Schedule—*
*[Enactments Repealed. Enactments Amended.]*
*Rep. by the Repealing and Amending Act, 1945*
*(VI of 1945) section 2 and First Schedule.*


Amendmemts 185

Index for Arbitration Act, (I of 2001) 187

Index for Arbitration Act, (X of 1940) 190

The

# Arbitration Act

[I of 2001]

*[24th January, 2001]*

**An Act to enact the law relating to international commercial arbitration, recognition and enforcement of foreign arbitral award and other arbitrations.**

Whereas it is expedient and necessary to enact the law relating to international commercial arbitration, recognition and enforcement of foreign arbitral award and other arbitrations;

It is hereby enacted as follows :—

## Chapter I
### Introductory

**1. Short title, extent and commencement**—(1) This Act may be called the Arbitration Act, 2001.

(2) It extends to the whole of Bangladesh.

(3) It shall come into force on such date [1][as the Government shall, by notification in the official Gazzette, appoint.]

## Chapter II
### General Provisions

**2. Definitions**—In this Act, unless there is anything repugnant in the subject or context,—

---

1. The Act came into force on the 10th day of April, 2001 vide Notification No. SRO 87-Law/2001 dated 09-04-2001, Published in Bangladesh Gazette Extraordinary dated 10-04-2001.

# সালিসী আইন

[১ নং ২০০১]

*[তারিখ ২৪-১-২০০১ইং]*

**আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস, বিদেশী সালিসী রোয়েদাদ স্বীকৃতি ও বাস্তবায়ন এবং অন্যান্য সালিস সম্পর্কিত বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন।**

যেহেতু আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস, বিদেশী সালিসী রোয়েদাদ স্বীকৃতি ও বাস্তবায়ন এবং অন্যান্য সালিস সম্পর্কিত বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়,

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

## পরিচ্ছেদ ১

### প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**—(১) এই আইন সালিস আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

(৩) সরকার, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, [১][যেই তারিখ নির্ধারণ করিবে] সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

## পরিচ্ছেদ-২

### সাধারণ বিধানাবলী

**২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

১। এই আইন ২০০১ সালের ১০ই এপ্রিল থেকে কার্যকর হয় [এসআরও নং ৮৭-আইন/২০০১ তাং ০৯ই এপ্রিল, ২০০১ খৃষ্টাব্দ, বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ১০-০৪-২০০১ তারিখে প্রকাশিত]

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

(a) "Legal representative" means a person who in law represents the estate of a deceased person, and includes any person who intermeddles with the estate of the deceased, and, where a party acts in a representative character, the person on whom the estate devolves on the death of the party so acting;

(b) "Court" means District Judge's Court and includes Additional District Judge's Court appointed by the Government for discharging the functions of District Judge's Court under this Act through Gazette notification;

(c) "International Commercial Arbitration" means an arbitration relating to disputes arising out of legal relationships, whether contractual or not, considered as commercial under the law in force in Bangladesh and where at least one of the parties is—

(i) an individual who is a national of, or habitually resident in, any country other than Bangladesh; or

(ii) a body corporate which is incorporated in any country other than Bangladesh; or

(iii) a company or an association or a body of individuals whose central management and control is exercised in any country other than Bangladesh; or

(iv) the Government of a foreign country;

(d) "Limitation Act" means Limitation Act, 1908 (IX of 1908);

(e) "Code of Civil Procedure" means Code of Civil Procedure, 1908 (Act V of 1908);

(f) "Specified state" means a specified state declared by the Government under section 47 of this Act;

(g) "Party" means a party to an arbitration agreement;

(h) "Chief Justice" means the Chief Justice" of Bangladesh;

(i) "Rules" means any rules made under this Act;

(ক) "আইনানুগ প্রতিনিধি" অর্থ কোন ব্যক্তি যিনি আইনানুগভাবে কোন মৃত ব্যক্তির সম্পত্তির প্রতিনিধিত্ব করেন উক্ত ব্যক্তি এবং যিনি কোন মৃত ব্যক্তির সম্পত্তি পরিচালনার সহিত সম্পৃক্ত থাকেন, এবং যেক্ষেত্রে কোন পক্ষ প্রতিনিধিত্বশীল বৈশিষ্ট্যে কার্য সম্পাদন করেন সেই ক্ষেত্রে উক্ত পক্ষের মৃত্যু হইলে যেই ব্যক্তির উপর উক্ত সম্পত্তি বর্তায় উক্ত ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন,

(খ) "আদালত" অর্থ জেলাজজ আদালত এবং সরকার কর্তৃক সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের অধীন জেলাজজ আদালতের কার্য সম্পাদনের জন্য নিযুক্ত অতিরিক্ত জেলাজজ আদালতও ইহার অন্তর্ভুক্ত হইবে,

(গ) "আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস" অর্থ সুস্পষ্টভাবে বিধৃত চুক্তিগত বা চুক্তিবহির্ভূত আইনানুগ সম্পর্ক হইতে উদ্ভূত বিরোধ সম্পর্কিত কোন সালিস যাহা বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী বাণিজ্যিক বিরোধ হিসাবে বিবেচিত হয় এবং যেক্ষেত্রে পক্ষগণের মধ্যে কোন একটি পক্ষ—

(অ) একজন ব্যক্তি যিনি বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রের নাগরিক, কিংবা ঐ দেশের স্বাভাবিক বাসিন্দা হয়, অথবা

(আ) বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রের নিগমবদ্ধ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হয়; অথবা

(ই) কোম্পানী বা সঙ্ঘ বা ব্যক্তি সমন্বিত প্রতিষ্ঠান যাহার কেন্দ্রীয় ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রে প্রয়োগ হয়; অথবা

(ঈ) কোন বিদেশী রাষ্ট্রের সরকার হয়;

(ঘ) "তামাদি আইন" অর্থ Limitation Act, 1908 (IX of 1908),

(ঙ) "দেওয়ানী কার্যবিধি" অর্থ Code of Civil Procedure, 1908 (Act V of 1908)

(চ) "নির্দিষ্ট রাষ্ট্র' অর্থ ধারা ৪৭ এর অধীন সরকার কর্তৃক ঘোষিত কোন নির্দিষ্ট রাষ্ট্র,

(ছ) "পক্ষ" অর্থ সালিস চুক্তির কোন পক্ষ,

(জ) "প্রধান বিচারপতি" অর্থ বাংলাদেশের প্রধান বিচারপতি,

(ঝ) "বিধি" অর্থ এই আইনের অধীনে বিধি,

(j) "Person" means a statutory or other organisations, company and association and includes partnership firm;

(k) "Foreign arbitral award" means an award which made in pursuance of an arbitration agreement in the territory of any state other than Bangladesh but it does not include an award made in the territory of a specified state.

(l) "Evidence Act" means Evidence Act, 1872 (Act I of 1872);

(m) "Arbitration" means any arbitration whether or not administered by permanent institution;

(n) "Arbitration agreement" means an agreement by the parties to submit to arbitration all or certain disputes which have arisen or which may arise between them in respect of a defined legal relationship, whether contractual or not.

(o) "Arbitration tribunal" means a sole arbitrator or a panel of arbitrators;

(p) "Arbitral award" means a decision made by the tribunal on the issue in dispute;

(q) "High Court Division" means High Court Division of the Supreme Court of Bangladesh.

**3. Scope**—(1) This Act shall apply where the place of arbitration is in Bangladesh.

(2) Notwithstanding anything contained in sub-section (1) of this section, the provisions of sections 45, 46, and 47 shall also apply to the arbitration if the place of that arbitration is outside Bangladesh.

(3) This Act shall not affect any other law for the time being in force by virtue of which certain disputes may not be submitted to arbitration.

(4) Where any arbitration agreement is entered into before or after the enforcement of this Act, the provisions thereof shall apply to the arbitration proceedings in Bangladesh relating to the dispute arising out of that agreement.

(ঞ) "ব্যক্তি" অর্থে সংবিধিবদ্ধ বা অন্যবিধ সংস্থা, কোম্পানী , সমিতি এবং অংশীদারী কারবারও (Partnership firm) অন্তর্ভূক্ত হইবে

(ট) "বিদেশী সালিসী রোয়েদাদ" অর্থ এমন কোন সালিসী রোয়েদাদ যাহা কোন সালিস চুক্তির ভিত্তিতে বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রের ভুখন্ডে প্রদত্ত হয়, তবে কোন নির্দিষ্ট রাষ্ট্রের ভুখন্ডে প্রদত্ত কোন সালিসী রোয়েদাদ ইহার অন্তর্ভুক্ত হইবে না,

(ঠ) "সাক্ষ্য আইন " অর্থ Evidence Act, 1872 (Act I of 1872),

(ড) "সালিস অর্থ কোন সালিস যাহা স্থায়ী কোন সালিসী সংস্থা কর্তৃক পরিচালিত হউক বা না হউক,

(ঢ) "সালিস চুক্তি" অর্থ সুস্পস্টভাবে বিধৃত চুক্তিগত বা চুক্তিবহির্ভুতভাবে পারস্পরিক সম্মতিক্রমে আইনানুগ সর্ম্পক হইতে উদ্ভুত কিংবা উদ্ভুত হইতে পারে এইরূপ সকল বা যে কোন বিষয়ের বিরোধ সালিসের মাধ্যমে নিষ্পত্তি করার জন্য উক্ত আইনানুগ সর্ম্পকের পক্ষগণ কর্তৃক সালিসে প্রেরণ করা সম্পর্কিত চুক্তি,

(ণ) "সালিসী ট্রাইব্যুনাল" অর্থ একমাত্র সালিসকারী বা সালিসকারীদের প্যানেল,

(ত) "সালিসী রোয়েদাদ" অর্থ বিরোধের বিষয়বস্তুর উপর সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত,

(থ) "হাইকোর্ট বিভাগ" অর্থ বংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ,

৩। **পরিধি**—(১) কোন সালিসের স্থান বংলাদেশ হইলে উক্ত সালিসের ক্ষেত্রে এই আইনের বিধানাবলী প্রযোজ্য হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন সালিসের স্থান বাংলাদেশের বাহিরে হইলে এই আইনের ধারা ৪৫, ৪৬, ও ৪৭ এর বিধানাবলী উক্ত সালিসের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(৩) আপাততঃ বলবৎ অন্য কোন আইনের অধীন কোন বিরোধ সালিসে প্রেরণের সুযোগ না থাকিলে সেই সকল আইনের কোন কিছুই এই আইন দ্বারা ক্ষুন্ন হইবে না ।

(৪) এই আইন কার্যকর হইবার পূর্বে বা পরে কোন সালিস চুক্তি সম্পাদিত হইয়া থাকিলে উক্ত সালিস চুক্তি হইতে উদ্ভুত কোন বিরোধের বিষয়ে বাংলাদেশে সূচিত সালিস কার্যক্রমের ক্ষেত্রে এই আইনের বিধানাবলী প্রযোজ্য হইবে।

**4. Construction of References**—(1) Where this Act, except section 36, leaves the parties free to determine a certain issue, that freedom shall include the right of the parties to authorise any person to determine that issue.

(2) Where this Act—

(a) refers to the fact that the parties have agreed or that they may agree, or

(b) in any other way refers to an agreement of the parties, that agreement shall include any arbitration rules referred to in that agreement.

(3) Where this Act, other than clause (a) of sub-section 3 of Section 35 or clause (a) of sub-section 2 of section 41, refers to a claim, it shall also apply to a counter-claim, and where it refers to a defence, it shall also apply to a defence to that counter-claim.

**5. Receipt of written communications**—(1) Unless otherwise agreed by the parties—

(a) Any written communication, notice or summons is deemed to have been received if it is delivered to the addressee personally or at his place of business, habitual residence or mailing address, and

(b) If none of the places referred to in clause (a) can be found after making a reasonable inquiry, a written communication is deemed to have been received if it is sent to the addressee's last known place of business, habitual residence or mailing address by registered letter or by any other means which provides a record of the attempt to deliver it.

(2) The communication, notice or summons, as the case may be, shall be deemed to have been received on the day it is so delivered.

(3) This section does not apply to written communication, notice or summons, as the case may be, in respect of proceedings of any judicial authority.

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৪। **বরাতের ব্যাখা (Construction of References)**—(১) কোন নির্দিষ্ট বিষয় নির্ধারণের জন্য যেইক্ষেত্রে এই আইনে পক্ষগণের স্বাধীনতা রহিয়াছে সেইক্ষেত্রে, ধারা ৩৬ এ বর্ণিত বিষয় ব্যতীত, পক্ষগণ কর্তৃক অন্য কোন ব্যক্তিকে উক্ত নির্দিষ্ট বিষয় নির্ধারণের ক্ষমতার্পণও উক্তরূপ স্বাধীনতার অন্তর্ভুক্ত হইবে।

(২) যেইক্ষেত্রে এই আইনে—

(ক) পক্ষগণ কোন বিষয়ে সম্মত হন বা হইতে পারেন মর্মে কোন চুক্তিতে উল্লেখ করা হয়, অথবা

(খ) পক্ষগণের মধ্যে অন্য কোনভাবে কোন চুক্তির উল্লেখ করা হয়–

সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তিতে উল্লেখিত কোন সালিস বিধিও উক্ত চুক্তির অন্তর্ভুক্ত হইবে।

(৩) যেইক্ষেত্রে এই আইনের অধীন কোন দাবী উত্থাপন করা হয় সেইক্ষেত্রে উক্ত দাবীর পাল্টা দাবী, দাবীর জবাব ও পাল্টা জবাবের ক্ষেত্রেও এই আইনের ধারা-৩৫ এর উপ-ধারা (৩)এর দফা (ক) বা ধারা ৪১ এর উপ-ধারা (২) এর দফা (ক) ব্যতীত অন্যান্য বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫। **লিখিত যোগাযোগের প্রাপ্তি**—(১) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, এই আইনের অধীন কোন লিখিত যোগাযোগ, নোটিশ বা সমন কোন পক্ষ বা ব্যক্তির উপর জারী করার প্রয়োজন হইলে এবং জারীর বিষয়ে পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, উক্ত লিখিত যোগাযোগ, নোটিশ বা সমন সেই পক্ষ বা ব্যক্তির উপর জারী হইয়াছে বলিয়া গণ্য হইবে, যদি—

(ক) ইহা তাহাকে ব্যক্তিগতভাবে বা তাহার ব্যবসায়িক ঠিকানা বা তাহার স্বাভাবিক বাসস্থান বা অন্য কোন ভাবে তাহার চিঠির ঠিকানায় সরবরাহ করা হইয়া থাকে,এবং

(খ) দফা (ক) তে উল্লিখিত কোন জায়গায় স্বাভাবিক অনুসন্ধানের পরও তাহাকে না পাওয়া যায় তাহা হইলে তাহার শেষ জানা ব্যবসায়িক, বাসস্থান বা চিঠির ঠিকানায় রেজিষ্ট্রিকৃত ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রেরিত হয় এবং উহাতে উক্তরূপে প্রেরণের প্রমাণ লিপিবদ্ধ থাকে।

(২) যোগাযোগ, নোটিশ বা সমন যেই তারিখে, ক্ষেত্রমত সরবরাহ বা প্রেরণ করা হইবে সেই তারিখে প্রাপ্ত হইয়াছে মর্মে গণ্য হইবে।

(৩) কোন বিচার বিভাগীয় কর্তৃপক্ষের কার্যধারা সম্পর্কিত যোগাযোগ, নোটিশ বা, ক্ষেত্রমত, সমনের ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হইবে না।

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

**6. Waiver of right to object**—A party who knows that—

(a) any provision of this Act from which the parties may derogate, or

(b) Any requirement under the arbitration agreement, has not been complied with and yet proceeds with the arbitration without stating his objection to such non-compliance without undue delay or, if a time limit is provided therefor within such period of time, shall be deemed to have waived his right to so object.

**7. Jurisdiction of Court in respect of matters covered by arbitration agreement:**—Notwithstanding anything contained in any other law for the time being in force, where any of the parties to the arbitration agreement files a legal proceedings in a Court against the other party, no judicial authority shall hear any legal proceedings except in so faras provided by this Act.

**8. Administrative assistance**—In order to facilitate the conduct of the arbitral proceedings, the parties, or the arbitral tribunal with the consent of the parties, may arrange for administrative assistance by a suitable person.

## Chapter III

### Arbitration Agreement

**9. Form of arbitration agreement**—(1) An arbitration agreement may be in the form of an arbitration clause in a contract or in the form of a separate agreement.

(2) An arbitration agreement shall be in writing and an arbitration agreement shall be deemed to be in writing if it is contained in—

(a) a document signed by the parties;

(b) an exchange of letters, telex, telegrams Fax, E-mail or other means of telecommunication which provide a record of the agreement; or

**৬। আপত্তির অধিকার পরিত্যাগ।**—কোন পক্ষ—

(ক) পক্ষগণ ব্যত্যয় ঘটাইতে পারে এই আইনের এমন কোন বিধান প্রতিপালিত হয় নাই, বা

(খ) সালিস চুক্তির অধীন কোন আবশ্যকতা প্রতিপালিত হয় নাই- মর্মে অবগত থাকিয়া উক্ত পক্ষ যদি অযৌক্তিক বিলম্ব ব্যতীত বা তদবিষয়ে কোন সময়সীমা থাকিলে অনুরূপ সময়সীমার মধ্যে আপত্তি না করিয়া সালিসে অগ্রসর হয়, তাহা হইলে উক্ত পক্ষ আপত্তির অধিকার পরিত্যাগ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

**৭। সালিস চুক্তির আওতাভুক্ত বিষয়ে আদালতের এখতিয়ার।**—সালিস চুক্তির কোন পক্ষ অপর কোন পক্ষের বিরুদ্ধে উক্ত চুক্তির অধীনে সালিসে অর্পণে সম্মত কোন বিষয়ে আইনগত কার্যধারা রুজু করিলে, বর্তমানে প্রচলিত অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, এই আইনের বিধান ব্যতীত অন্য কোন আইনগত কার্যধারার শুনানীর এখতিয়ার আদালতের থাকিবে না।

**৮। প্রশাসনিক সহায়তা।**—সালিসী কার্যধারা পরিচালনা সহজতর করার লক্ষ্যে পক্ষগণ বা, পক্ষগণের সম্মতিক্রমে, সালিসী ট্রাইব্যুনাল কোন উপযুক্ত ব্যক্তির মাধ্যমে প্রশাসনিক সহায়তা গ্রহণ করিতে পারিবে।

## পরিচ্ছেদ-৩

### সালিস চুক্তি

**৯। সালিস চুক্তির ধরণ।**—(১) কোন সালিস (arbitration agreement) কোন চুক্তিতে (contract) সালিস অনুচ্ছেদরূপে বা পৃথক চুক্তি আকারে হইতে পারিবে।

(২) সালিস চুক্তি লিখিত হইতে হইবে এবং একটি সালিস চুক্তি লিখিত বলিয়া গণ্য হইবে যদি চুক্তির বিষয়টি—

(ক) পক্ষগণ দ্বারা সহিকৃত কোন দলিলের অংশ হয়;

(খ) চিঠি, টেলেক্স, টেলিগ্রাম, ফ্যাক্স, ই-মেইল বা বিনিময়ের অন্য কোন মাধ্যমে যোগাযোগ করা হয় এমন কোন ইনষ্ট্রুমেন্টে উল্লেখ থাকে;

(c) an exchange of statement of claim and defence in which the existence of the agreement is alleged by one party and not denied by the other.

*Explanation*—The reference in a contract is a document containing an arbitration clause constitutes an arbitration agreement if the contract is in writing and the reference is such as to make that arbitration clause part of the contract.

**10. Arbitrability of the dispute**—(1) Where any party to an arbitration agreement or any person claiming under him commences any legal proceeidngs against any other party to the agreement or any person claiming under him in respect of any matter agreed to be referred to arbitration, any party to such legal proceeidngs may, at any time before filing a written statement, apply to the Court before which the proceedings are pending to refer the matter to arbitration.

(2) Thereupon, the Court shall, if it is satisfied that an arbitration agreement exists, refer the parties to arbitration and stay the proceedings, unless the Court finds that the arbitration agreement is void, inoperative or is incapable of determination by arbitration.

(3) Notwithstanding that an application has been made under sub-section (1) and that the issue is pending before the judicial authority, an arbitration may be commenced or continued and an arbitral award made.

## Chapter IV

### Composition of arbitral tribunal

**11. Number of arbitrators**—(1) Subject to the provisions of sub-section (3), the parties are free to determine the number of arbitrators.

(2) Failing the determination of a number referred to in sub-section (1) the tribunal shall consist of three arbitrators.

(3) Unless otherwise agreed by the parties, where they appoint an even number of arbitrators, the appointed arbitrators shall jointly appoint an additional arbitrator who shall act as a Chairman of the tribunal.

(গ) দাবী ও দাবীর জবাব সংক্রান্ত পক্ষগণের মধ্যে বিনিময়কৃত কোন ষ্টেটমেন্টে উল্লেখ থাকে যাহা এক পক্ষ চুক্তির অস্তিত্ব বলিয়া দাবী করে এবং অপর পক্ষ উহা অস্বীকার করে না।

*ব্যাখ্যা।*—কোন লিখিত চুক্তিতে (contract) সালিস অনুচ্ছেদ সম্বলিত অন্য কোন দলিলের উল্লেখ থাকিলেও এবং উক্তরূপ উল্লেখ থাকার ফলে সালিস অনুচ্ছেদ চুক্তির অংশে পরিণত হইলে উহা সালিস চুক্তি হইবে।

**১০। বিরোধের সালিসযোগ্যতা**—(১) সালিস চুক্তির কোন পক্ষ বা উক্ত পক্ষের অধীন দাবীদার কোন ব্যক্তি সালিসের মাধ্যমে মীমাংসা হইবে মর্মে মতৈক্য হইয়াছে এমন কোন বিষয়ে চুক্তির অন্য কোন পক্ষ বা অনুরূপ পক্ষের অধীন দাবীদার কোন ব্যক্তির বিরুদ্ধে কোন আদালতে কোন আইনগত কার্যধারা রুজু করিলে, উক্ত কার্যধারায় লিখিত জবাব দাখিল করিবার পূর্বে যে কোন পক্ষ বিষয়টি সালিসে অর্পণ করিবার জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদনের প্রেক্ষিতে আদালতের নিকট যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট সালিস চুক্তি বিদ্যমান আছে এবং উহা বাতিল, অকার্যকর বা সালিস দ্বারা নিষ্পত্তির অযোগ্য হয় নাই, তাহা হইলে আদালত বিষয়টি সালিসে প্রেরণ করিবে এবং উক্ত কার্যধারা স্থগিত করিবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন আবেদন আদালতের বিবেচনাধীন এবং আইনগত কার্যধারা বিচারাধীন থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট বিষয়ে সালিস সূচনা করা, অব্যাহত রাখা এবং সালসী রোয়েদাদ প্রদান করা যাইবে।

## পরিচ্ছেদ-৪

### সালিসী ট্রাইব্যুনাল গঠন

**১১। সালিসকারীর সংখ্যা**—(১) উপ-ধারা (৩) এর বিধানাবলী সাপেক্ষে সালিসী ট্রাইব্যুনালে সালিসকারীর সংখ্যা নির্ধারণে পক্ষগণের স্বাধীনতা থাকিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন সংখ্যা নির্ধারিত না হইলে তিনজন সালিসকারী সমন্বয়ে সালিসী ট্রাব্যুনাল গঠিত হইবে।

(৩) ভিন্নভাবে সম্মত না হইলে পক্ষগণ যেইক্ষেত্রে জোড়সংখ্যক সালিসকারী নিয়োগ করিবে সেইক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত সালিসকারীগণ যৌথভাবে একজন অতিরিক্ত সালিসকারী নিয়োগ করিবেন, যিনি সালিসী ট্রাইব্যুনালের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।



In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

**12. Appointment of arbitrators**—(1) Subject to the provisions of this Act, the parties are free to agree on a procedure for appointing the arbitrator or arbitrators.

(2) A person of any nationality may be an arbitrator, unless otherwise agreed by the parties.

(3) Failing any agreement referred to in sub-section—

(a) in an arbitration with a sole arbitrator, if the parties fail to agree on the arbitrator within thirty days from receipt of a request by one party from the other party to so agree the appointment shall be made upon request of a party—

(i) By the District Judge in case of arbitration other than international commercial arbitration; and

(ii) In case of international commercial arbitration.

(b) In an arbitration with three arbitrators each party shall appoint one arbitrator, and the two appointed arbitrators shall appoint the third arbitrator who shall be the Chairman of the arbitral tribunal.

(4) If the appointment procedure in sub-section (3) applies and

(a) a party fails to appoint an arbitrator within thirty days of the receipt of a request to do so from the other party; or

(b) the appointed arbitrators fail to agree on the third arbitrator within thirty days of their appointment, the appointment shall be made, upon the application of a party—

(c) by the District Judge except in case of international commercial arbitration; and

(d) by the Chief Justice or by any other Judge of the Supreme Court designated by the Chief Justice in case of international commercial arbitration.

(5) The third arbitrator appointed under clause (b) of sub-section (4) shall be the chairman of the said tribunal.

**১২। সালিসকারী নিয়োগ**—(১) সালিসকারী নিয়োগ সম্পর্কিত পদ্ধতি নির্ধারণে সম্মত হইতে পক্ষগণের, এই আইনের বিধানাবলী সাপেক্ষে, স্বাধীনতা থাকিবে।

(২) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, যে কোন জাতীয়তার ব্যক্তিকে সালিসকারী নিয়োগ করা যাইবে।

(৩) উপ-ধারা (১) এ উল্লেখিত সম্মত পদ্ধতির অবর্তমানে—

(ক) একমাত্র সালিসকারীর সমন্বয়ে গঠিত সালিসী ট্রাইব্যুনালের ক্ষেত্রে, কোন পক্ষ হইতে অনুরোধ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে পক্ষগণ সালিসকারী নিয়োগে সম্মত হইতে ব্যর্থ হইলে, যে কোন পক্ষের আবেদনের প্রেক্ষিতে–

(অ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস ব্যতীত অন্যান্য সালিসের ক্ষেত্রে, জেলাজজ উক্ত সালিসকারী নিয়োগ করিবেন, এবং

(আ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসের ক্ষেত্রে প্রধান বিচারপতি কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের কোন বিচারক উক্ত সালিসকারী নিয়োগ করিবেন।

(খ) তিনজন সালিসকারী সমন্বয়ে গঠিত সালিসের ক্ষেত্রে, পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, প্রত্যেক পক্ষ একজন করিয়া সালিসকারী নিয়োগ করিবে এবং উক্তরূপে নিযুক্ত সালিসকারীগণ তৃতীয় একজন সালিসকারী নিয়োগ করিবেন, যিনি সালিসী ট্রাইব্যুনালের চেয়ারম্যান হইবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন নিয়োগ পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে—

(ক) অপর পক্ষ হইতে অনুরোধ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সালিসসারী নিয়োগ করিতে যদি কোন পক্ষ ব্যর্থ হন, অথবা

(খ) নিয়োগপ্রাপ্ত সালিসকারীগণ যদি তাহাদের নিয়োগের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে তৃতীয় সালিসকারী নিয়োগে সম্মত হইতে ব্যর্থ হন তাহা হইলে, যে কোন পক্ষের আবেদনের প্রেক্ষিতে উক্ত তৃতীয় সালিসকারী,

(গ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস ব্যতীত অন্যান্য সালিসের ক্ষেত্রে জেলাজজ নিয়োগ করিবেন, এবং

(ঘ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসের ক্ষেত্রে প্রধান বিচারপতি, কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের কোন বিচারক নিয়োগ করিবেন।

(৫) উপ-ধারা (৪) এর দফা (খ) এর অধীন নিযুক্ত তৃতীয় সালিসকারী উক্ত ট্রাইব্যুনালের চেয়ারম্যান হইবেন।

(6) If more than one arbitrator are appointed under sub-section (4) the District Judge, or the Chief justice or any other Judge of the Supreme Court designated by the Chief Justice, as the case may be, shall appoint one person from among the said arbitrators to be the chairman of the arbitral tribunal.

(7) Where, under an appointment procedure agreed upon by the parties—

(a) A party fails to act as required under such procedure; or

(b) The parties, or the arbitrators, fail to reach an agreement under the same procedure; or

(c) A person or any third party fails to perform any function assigned to him under that procedure, unless the agreement on the appointment procedure provides other means to take the necessary measure for securing the appointment, a party may apply to—

(d) the District Judge except in case of international commercial arbitration and the District Judge shall appoint the chairman of the tribunal along with the other arbitrators;

(e) the Chief Justice or any Judge of the Supreme Court designated by the Chief Justice in case of international commercial arbitration and the Chief Justice or the Judge of the Supreme Court as designated by the Chief Justice shall appoint the Chairman of the tribunal along with other arbitrators.

(8) The appointment of the arbitrator or arbitrators under sub-sections (3),(4) and (7) shall be made within sixty days from the receipt of the application thereof.

(9) The Chief Justice, or a Judge of the Supreme Court as designated by the Chief Justice, or the District Judge, as the case may be, in appointing an arbitrator under this section, shall have due regard to any qualifications required of the arbitrator under the agreement between the parties, and to such considerations as are likely to secure the appointment of an independent and impartial arbitrator.

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

(৬) উপ-ধারা (৪) এর অধীন একাধিক সালিসকারী নিযুক্ত হইলে, জেলাজজ বা, ক্ষেত্রমত প্রধান বিচারপতি কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের কোন বিচারক উক্ত সালিসকারীদের মধ্য হইতে একজনকে সালিসী ট্রাইব্যুনালের চেয়ারম্যান নিয়োগ করিবেন।

(৭) পক্ষগণ কর্তৃক সম্মত নিয়োগ পদ্ধতির অধীন যদি—

(ক) কোন পক্ষ অনুরূপ পদ্ধতি অনুসরণ করিতে ব্যর্থ হয়, বা

(খ) পক্ষগণ, বা সালিসকারীগণ, অনুরূপ পদ্ধতির কোন বিষয়ে সম্মত হইতে ব্যর্থ হয়, বা

(গ) কোন ব্যক্তি বা তৃতীয় কোন পক্ষ অনুরূপ পদ্ধতির অধীন উক্ত ব্যক্তি বা তৃতীয় পক্ষের উপর আরোপিত কোন দায়িত্ব সম্পাদনে ব্যর্থ হয়,

তাহা হইলে যে কোন পক্ষ, সালিস চুক্তিতে নিয়োগদান সম্পর্কে ভিন্নরূপ কোন পন্থা নির্ধারিত না থাকিলে, সালিসকারী কিংবা সালিসকারীদের নিয়োগ প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য,

(ঘ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস ব্যতীত অন্যান্য সালিসের ক্ষেত্রে, জেলাজজের নিকট আবেদন করিতে পারিবে এবং জেলাজজ সালিসী ট্রাইব্যুনালের চেয়ারম্যানসহ অন্যান্য সালিসকারীদের নিয়োগ করিবেন, এবং

(ঙ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসের ক্ষেত্রে প্রধান বিচারপতি কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের কোন বিচারকের নিকট আবেদন করিতে পারিবে এবং প্রধান বিচারপতি কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের বিচারক সালিসী ট্রাইব্যুনালের চেয়ারম্যানসহ অন্যান্য সালিসকারীদের নিয়োগ করিবেন।

(৮) উপ-ধারা (৩), (৪) এবং (৭) এর অধীন সালিসকারী বা সালিসকারীগণের নিয়োগ উক্তরূপ আবেদন প্রাপ্তির ষাট দিনের মধ্যে প্রদান করিতে হইবে।

(৯) প্রধান বিচারপতি কিংবা বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের বিচারক কিংবা, ক্ষেত্রমত, জেলাজজকে এই ধারার অধীন সালিসকারী নিয়োগের ক্ষেত্রে পক্ষগণ কর্তৃক সম্পাদিত চুক্তির অধীন সালিসকারীর যোগ্যতা এবং নিরপেক্ষতার শর্তসমূহ এবং স্বাধীন ও নিরপেক্ষ সালিসকারী নিয়োগ নিশ্চিতকরণের লক্ষ্যে অন্যান্য যোগ্যতা বিবেচনা করিতে হইবে।

(10) In the case of appointment of a sole arbitrator or third arbitrator in an international commercial arbitration, the Chief Justice or the Judge of the Supreme Court designated by the Chief Justice, as the case may be, may appoint an arbitrator of a nationality other than the nationalities of the parties where the parties belong to different nationalities.

(11) The Chief Justice or the District Judge, as the case may be, may make such scheme as he may deem appropriate for dealing with matters under this section.

(12) The decision under sub-sections (3) , (4) and (7) of the Chief Justice or the Judge of the Supreme Court designated by the Chief Justice or the District Judge, as the case may be, shall be final.

(13) The Chief Justice may entrust a Judge with the duties for a particular case or cases or for discharging the entire duties and may fix up the tenure of that Judge for the purposes of this section.

*Explanation*—In this section "District Judge" means that District Judge within whose local jurisdiction the concerned arbitration agreement has been entered into.

**13. Grounds for challenge**—(1) When a person is requested to accept appointment as an arbitrator, he shall first disclose any circumstances likely to give rise to justifiable doubts as to his independence or impartiality.

(2) An arbitrator, shall from the time of his appointment and throughout the arbitral proceedings, without delay, disclose to the parties any circumstances referred to in sub-section (1) unless they have already been so informed by him.

(3) An arbitrator may be challenged only if circumstances exist that give rise to justifiable doubts as to his independence or impartiality, or he does not possess the qualifications agreed to by the parties.

(4) A party may challenge an arbitrator appointed by him, or in whose appointment he has participated, only for reasons of which he becomes aware after the appointment has been made.

(১০) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসে একমাত্র সালিসকারী কিংবা তৃতীয় সালিসকারী নিয়োগের ক্ষেত্রে প্রধান বিচারপতি বা, ক্ষেত্রমত, প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের বিচারক, পক্ষগণ একাধিক জাতীয়তার হইলে উক্ত জাতীয়তা হইতে ভিন্ন জাতীয়তার সালিসকারী নিয়োগ করিতে পারিবেন।

(১১) প্রধান বিচারপতি কিংবা, ক্ষেত্রমত, জেলাজজ এই ধারার অধীন বিষয়াদি নিস্পত্তির জন্য যেইরূপ পদ্ধতি বা পরিকল্পনা যথার্থ বলিয়া গণ্য করিবেন সেইরূপ পদ্ধতি কিংবা পরিকল্পনা প্রণয়ন করিতে পারিবেন।

(১২) উপ-ধারা (৩), (৪) এবং (৭) এর অধীন প্রধান বিচারপতি কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের বিচারক কিংবা,ক্ষেত্রমত, জেলাজজ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(১৩) এই ধারার উদ্দশ্য পূরণকল্পে প্রধান বিচারপতি, কোন নির্দিষ্ট মামলা বা মামলাসমূহের জন্য কিংবা সার্বিক দায়িত্ব পালনের জন্য কোন বিচারককে দায়িত্বে নিয়োগ করিতে এবং উক্ত বিচারকের দায়িত্বকাল নির্ধারণ করিতে পারিবেন।

*ব্যাখ্যা*—এই ধারায় "জেলাজজ" অর্থে যে জেলাজজের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে সংশ্লিষ্ট সালিস চুক্তি সম্পাদিত হইয়াছে সেই জেলাজজকে বুঝাইবে।

**১৩। আপত্তির কারণসমূহ**—(১) সালিসকারী হিসাবে নিয়োগের অনুরোধ প্রাপ্ত প্রত্যেক ব্যক্তি প্রথমে তাহার নিরপেক্ষতা ও স্বাধীনতা সর্ম্পকে সঙ্গত সন্দেহের উদ্ভব হইতে পারে এইরূপ সকল পরিস্থিতি প্রকাশ করিবেন।

(২) প্রত্যেক সালিসকারী তাহার নিয়োগের সময় হইতে সালিসী কার্যধারা চলাকালীন যে কোন সময়ে উপ-ধারা (১) এ উল্লেখিত পরিস্থিতি অনতিবিলম্বে চুক্তির সকল পক্ষকে এবং অন্য সকল সালিসকারীকে অবগত করিবেন, যদি ইতোমধ্যে তাহারা তৎসম্পর্কে অবহিত না হইয়া থাকেন।

(৩) কোন সালিসকারীর বিরুদ্ধে আপত্তি উত্থাপন করা যাইবে যদি তাহার নিরপেক্ষতা ও স্বাধীনতা সর্ম্পকে সন্দেহ থাকার কোন পরিস্থিতি বিদ্যমান থাকে বা পক্ষগণ কর্তৃক সম্মত যোগ্যতা তাহার না থাকে।

(৪) সালিসকারী নিয়োগদানকারী বা সালিসকারী নিয়োগে সম্মতিদানকারী কোন পক্ষ, উক্ত নিয়োগের পরবর্তী সময়ে তাহার জানা কোন পরিস্থিতির কারণে, উক্ত সালিসকারীর বিরুদ্ধে আপত্তি দিতে পারিবেন।

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

**14. Challenge procedure**—(1) Subject to sub-section (6), the parties shall be free to agree on a procedure for challenging an arbitrator.

(2) Failing any agreement referred to in sub-section (1), a party who intends to challenge an arbitrator shall, within thirty days after becoming aware of the circumstances referred to in sub-section (3) of section 13, send a written statement of the reasons for the challenge to the arbitral tribunal.

(3) Unless the arbitrator challenged under sub-section (2) , withdraws from his office or the other party agrees to the challenge, the arbitral tribunal shall decide on the challenge within thirty days from the date of filing the written statement referred to in sub-section 2..

(4) Any party aggrieved by the decision of the arbitral tribunal under sub-section (3), may prefer an appeal to the High Court Division within thirty days from the date of the said decision.

(5) The High Court Division shall decide the matter within ninety days from the date on which it is filed.

(6) If a challenge under any procedure agreed upon by the parties or under the procedures under sub-section (3) or the appeal preferred against the decision is not successful, the arbitral tribunal shall continue the arbitral proceedings and make an award.

**15. Termination of arbitrator's mandate**—(1) The mandate of an arbitrator shall terminate, if—

(a) he withdraws himself from office;

(b) he dies;

(c) all the parties agree on the termination of his mandate; or

(d) he is unable to perform his functions of his office or for other reasons fails to act without undue delay and withdraws from his office or the parties agree on the termination of his mandate.

**১৪। আপত্তি দায়েরের পদ্ধতি**—(১) উপ-ধারা (৬) এর বিধান সাপেক্ষে, পক্ষগণ সালিসের বিরুদ্ধে আপত্তি দায়েরের পদ্ধতি নিরূপণের সম্মত হওয়ার ক্ষেত্রে স্বাধীন থাকিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লেখিত সম্মতিতে উপনীত হইতে ব্যর্থতার ক্ষেত্রে কোন পক্ষ কোন সালিসকারীর বিরুদ্ধে আপত্তি দায়ের করিতে চাহিলে উক্ত পক্ষ ধারা ১৩ এর উপ-ধারা (৩) এ উল্লেখিত পরিস্থিতি সর্ম্পকে অবগত হওয়ার ত্রিশ দিনের মধ্যে লিখিত বিবৃতির মাধ্যমে আপত্তির কারণসমূহ বর্ণনা করিয়া সালিসী ট্রাইব্যুনালের নিকট আপত্তি দায়ের করিবে।

(৩) সংশ্লিষ্ট সালিসকারী তাহার পদ হইতে নিজেকে প্রত্যাহার না করিলে অথবা অপর পক্ষ বা একাধিক পক্ষের ক্ষেত্রে পক্ষগণ উক্ত আপত্তিতে সম্মত না হইলে, উপ-ধারা (২) এ উল্লেখিত লিখিত বিবৃতি দাখিল হওয়ার ত্রিশ দিনের মধ্যে আপত্তির বিষয়ে সালিসী ট্রাইব্যুনাল সিদ্ধান্ত প্রদান করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ পক্ষ উক্ত সিদ্ধান্ত প্রদানের ত্রিশ দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল দায়ের করিতে পারিবে।

(৫) আপীল দায়ের হওয়ার নব্বই দিনের মধ্যে হাইকোর্ট বিভাগ উক্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবে।

(৬) পক্ষগণ কর্তৃক সম্মত পদ্ধতি, কিংবা উপ-ধারা (৩) এ উল্লেখিত পদ্ধতির অধীন দায়েরকৃত আপত্তি অথবা সিদ্ধান্তের বিরুদ্ধে দাখিলকৃত আপীল অকৃতকার্য হইলে সালিসী ট্রাইব্যুনাল সালিসী কার্যধারা অব্যাহত রাখিবে এবং রোয়েদাদ প্রদান করিবে।

**১৫। সালিসকারীর কর্তৃত্বের অবসান**—(১) সালিসকারীর কর্তৃত্বের অবসান হইবে, যদি–

(ক) তিনি স্বীয় পদ হইতে নিজকে প্রত্যাহার করিয়া নেন;

(খ) তিনি মারা যান;

(গ) সকল পক্ষ তাহার অপসারণে সম্মত হয়;বা

(ঘ) তিনি তাহার দায়িত্ব পালনে অথবা অযৌক্তিক বিলম্ব ব্যতিরেকে দায়িত্ব পালনে অক্ষম হন এবং নিজেকে স্বীয় পদ হইতে প্রত্যাহার করিয়া নেন বা সকল পক্ষ তাহার কর্তৃত্বের অবসানে সম্মত হয়।

(2) If any arbitrator has incurred disqualifications referred to in clause (d) of sub-section (1) fails to withdraw himself from his office and all the parties fail to agree on his termination, then on the application by any party within the prescribed period by rules—

(a) the District Judge, in case of other arbitrations excepting international commercial arbitration;

(b) the Chief Justice or a Judge of the Supreme Court designated by the Chief Justice in case of international commercial arbitration may terminate the said arbitrator.

(3) Where the parties are agreed upon, the termination shall be enforceable by the person agreed by the parties.

(4) If an arbitrator withdraws himself from his office or where all the parties agree on the termination of the mandate of an arbitrator under the circumstances as referred to in clause (d) of sub-section (1), it shall not imply acceptance of the validity of any ground referred to in this clause or in sub-section (3) of section 13.

*Explanation*—In this section "District Judge" means that District Judge within whose local jurisdiction the concerned arbitration agreement has been entered into.

**16. Substitution of an arbitrator whose mandate has been terminated**—(1) Where the mandate of an arbitrator terminates, a substitute arbitrator shall be appointed according to the provisions applicable to the appointment of the arbitrator whose mandate has been terminated.

(2) In the absence of any agreement between the parties—

(a) the substitute arbitrator shall, at the discretion of the arbitral tribunal, continue the hearings from the stage at which the mandate of the arbitrator has been terminated.

(b) Any order or decision of the arbitral tribunal shall not be invalid before the termination of the mandate of an arbitrator due to such termination.

(২) যদি কোন সালিসকারী উপ-ধারা (১) এর দফা (ঘ) এ উল্লেখিত কারণে অযোগ্যতার জন্য দায়ী হইয়া স্বীয় পদ হইতে নিজেকে প্রত্যাহার করিতে ব্যর্থ হন এবং সকল পক্ষ তাহার অপসারণে সম্মত হইতেও ব্যর্থ হয়, তাহা হইলে বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে, কোন পক্ষের আবেদনের প্রেক্ষিতে–

(ক) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস ব্যতীত অন্যান্য সালিসের ক্ষেত্রে, জেলাজজ,

(খ) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসের ক্ষেত্রে প্রধান বিচারপতি কিংবা প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের কোন বিচারক–উক্ত সালিসকারীকে অপসারণ করিতে পারিবেন।

(৩) যেইক্ষেত্রে পক্ষগণ সম্মত হয়, সেইক্ষেত্রে পক্ষগণ কর্তৃক সম্মত ব্যক্তির দ্বারা অপসারণ কার্যকর হইবে।

(৪) যদি কোন সালিসকারী স্বীয় পদ হইতে নিজেকে প্রত্যাহার করিয়া নেন অথবা যেইক্ষেত্রে উপ-ধারা (১) এর দফা (ঘ) এ উল্লেখিত পরিস্থিতির অধীন সকল পক্ষ তাহার কর্তৃত্বের অবসানে সম্মত হয়, সেইক্ষেত্রে উহা এই দফা অথবা ধারা ১৩ এর উপ-ধারা (৩) এ উল্লেখিত কোন কারণের বৈধতার অর্থে গ্রহণ করা বুঝাইবে না।

*ব্যাখ্যা*—এই ধারায় "জেলাজজ" অর্থে যে জেলাজজের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে সংশ্লিস্ট সালিস চুক্তি সম্পাদিত হইয়াছে সেই জেলাজজকে বুঝাইবে।

**১৬। কর্তৃত্বের অবসান হইয়াছে এমন সালিসকারীর প্রতিসস্থাপন।**— (১) কোন সালিসকারীর কর্তৃত্বের অবসান হইলে উক্ত সালিসকারীর প্রতিস্থাপক নিয়োগের ক্ষেত্রে মূল সালিসকারী নিয়োগের বিধানাবলী প্রযোজ্য হইবে।

(২) পক্ষগণের মধ্যে মতৈক্যের অবর্তমানে–

(ক) প্রতিস্থাপিত সালিসকারী, সালিসী ট্রাইব্যুনালের বিবেচনা মোতাবেক, যে পর্যায়ে অপসারিত সালিসকারীর কর্তৃত্ব অবসান হইয়াছে সেই পর্যায় হইতে শুনানী অব্যাহত রাখিবেন;

(খ) কোন সলিসকারীর কর্তৃত্ব অবসান হওয়ার পূর্বে সালিসী ট্রাইব্যুনালের কোন আদেশ অথবা কোন সিদ্ধান্ত অনুরূপ অবসানের কারণে অবৈধ হইবে না।

# Chapter V

## Jurisdiction of Arbitral Tribunals

**17. Competence of arbitral tribunal to rule on its own jurisdiction**—Unless otherwise agreed by the parties, the arbitral tribunal may rule on its own jurisdiction on any questions including the following issues, namely—

(a) Whether there is existence of a valid arbitration agreement;

(b) Whether the arbitral tribunal is properly constituted;

(c) Whether the arbitration agreement is against the public policy.

(d) Whether the arbitration agreement is incapable of being performed, and,

(e) What matters have been submitted to arbitration in accordance with the arbitration of agreement.

**18. Severability of agreement**—An arbitration Agreement which forms part of another agreement shall be deemed to constitute a separate agreement when ruling upon the validity of that arbitration agreement for the purpose of determining the jurisdiction of the arbitral tribunal.

**19. Objection as to the jurisdiction of the arbitral tribunal**—(1) An objection that the tribunal does not have jurisdiction shall be raised not later than the submission of the statement of defence.

(2) An objection during the course of the arbitral proceeidngs that the tribunal is exceeding the scope of its authority shall be raised as soon as the matter alleged to be beyond the scope of its authority is raised.

(3) The arbitral tribunal may in either of the cases referred to in sub-sections (1) and (2), admit a later plea if it considers the delay justified.

## পরিচ্ছেদ-৫

### সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার

**১৭। সালিসী ট্রাইব্যুনালের স্বীয় এখতিয়ার বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা**—পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হওয়ার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সহ যে কোন প্রশ্নে সালিসী ট্রাইব্যুনালের স্বীয় এখতিয়ারে সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে, যথা ঃ-

(ক) বৈধ সালিস চুক্তির অস্তিত্ব থাকা;

(খ) সালিসী ট্রাইব্যুনালের যথাযথভাবে গঠন;

(গ) সালিস চুক্তিটি জননীতির পরিপন্থী হওয়া;

(ঘ) সালিস চুক্তিটি সম্পাদনের অযোগ্য হওয়া; এবং

(ঙ) সালিস চুক্তি মোতাবেক সালিসে প্রেরিত বিষয়াদি।

**১৮। চুক্তির বিভাজ্যতা**—সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার নির্ধারণের উদ্দেশ্যে সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে অন্য চুক্তির অংশরূপে বিদ্যমান প্রত্যেক সালিস চুক্তি একটি পৃথক চুক্তি হিসাবে গণ্য হইবে।

**১৯। সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার বিষয়ে আপত্তি**—(১) সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার সম্পর্কিত কোন আপত্তি জবাব দাখিলের পূর্বে উত্থাপন করিতে হইবে।

(২) সালিস কার্যধারা চলাকালে সালিসী ট্রাইব্যুনাল কোন বিষয়ে উহার কর্তৃত্বের পরিসীমা অতিক্রম করার সঙ্গে সঙ্গে পরিসীমা বহির্ভূত বিষয়ক অভিযোগ উত্থাপন করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এ উল্লিখিত সময়সীমার পরে উত্থাপিত কোন আপত্তি গ্রহণ করা যাইবে যদি সালিসী ট্রাইব্যুনালের বিবেচনায় উক্তরূপ বিলম্ব যুক্তিসংগত বিবেচিত হয়।

(4) The arbitral tribunal shall decide on an objection referred to in subsection (1) and (2) and where the arbitral tribunal takes a decision rejecting the plea, continue with the arbitral proceedings and make an arbitral award.

(5) A party shall not be precluded from raising such a plea merely because that he has appointed, or participated in the appointment of an arbitrator.

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সরকারী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**20. Powers of the High Court Division in deciding jurisdiction** —(1) The High Court Division, may, on the application of any of the parties to the arbitration agreement, after serving notice upon all other parties, determine any question as to the jurisdiction of the arbitral tribunal.

(2) No application under this section shall be taken into account, unless the High Court Division is satisfied that—

(a) The determination of the question is likely to produce substantial savings in costs.

(b) the application was submitted without any delay; and

(c) there is good reason why the matter should be decided by the Court.

(3) The application shall state

the reasons on which the matter should be decided by the High Court Division.

(4) Unless otherwise agreed by the parties, where any application is pending before the High Court Division under this section, the arbitral tribunal shall continue arbitration proceedings and make an arbitral award.

**21. Powers of the arbitration tribunal to make interim orders** —(1) Unless otherwise agreed by the parties, the arbitral tribunal may, at the request of a party, order a party to take any interim measure of protection as the arbitral tribunal may consider necessary in respect of the subject-matter of the dispute, and no appeal shall lie against this order.

(৪) সালিসী ট্রাইব্যুনাল উপ-ধারা (১) ও (২) এ উল্লেখিত আপত্তির উপর সিদ্ধান্ত প্রদান করিবে এবং যেইক্ষেত্রে সালিসী ট্রাইব্যুনাল কোন অভিযোগ খারিজ করিবে সেইক্ষেত্রে সালিসী কার্যধারা অব্যাহত রাখিবে এবং রোয়েদাদ প্রদান করিবে।

(৫) কোন সালিসকারী নিয়োগ করিয়াছেন বা নিয়োগদানে অংশগ্রহণ করিয়াছেন কেবলমাত্র এই কারণে কোন পক্ষ ট্রাইব্যুনালের এখতিয়ার সম্পর্কে আপত্তি উত্থাপন করা হইতে বারিত হইবেন না।

**২০। এখতিয়ার সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদানে হাইকোর্ট বিভাগের ক্ষমতা**—(১) হাইকোর্ট বিভাগ, সালিসী কার্যধারার যে কোন পক্ষের আবেদনের প্রেক্ষিতে, অন্য সকল পক্ষের প্রতি নোটিশ জারীপূর্বক, সালিসী ট্রাইব্যুনালের এখতিয়ার সম্পর্কিত যে কোন বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(২) এই ধারার অধীনে কোন আবেদন বিবেচনা করা হইবে না, যদি না হাইকোর্ট বিভাগ এই মর্মে সন্তুষ্ট হয় যে—

(ক) বিষয়টি নিষ্পত্তি হইলে খরচার পর্যাপ্ত সাশ্রয় হইতে পারে;

(খ) আবেদনটি অবিলম্বে দাখিল করা হইয়াছিল; এবং

(গ) বিষয়টি নিষ্পত্তির সমর্থনে উত্তম যুক্তি রহিয়াছে।

(৩) যেই সকল যুক্তির ভিত্তিতে হাইকোর্ট বিভাগ কর্তৃক বিষয়টি নিষ্পত্তি হওয়া প্রয়োজন সেই সকল যুক্তি উক্ত আবেদনে উল্লেখ করিতে হইবে।

(৪) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, এই ধারার অধীন কোন আবেদন হাইকোর্ট বিভাগে বিচারাধীন থাকাকালে সালিসী ট্রাইব্যুনাল সালিস কার্যক্রম অব্যাহত রাখিতে এবং রোয়েদাদ প্রদান করিতে পারিবে।

**২১। সালিসী ট্রাইব্যুনালের অন্তর্বর্তীকালীন আদেশ প্রদানের ক্ষমতা**—(১) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, কোন পক্ষের অনুরোধে বিরোধীয় কোন বিষয় সম্পর্কে অন্তর্বর্তীকালীন সংরক্ষণমূলক ব্যবস্থা গ্রহণে সালিসী ট্রাইব্যুনাল অন্য কোন পক্ষকে আদেশ দিতে পারিবে এবং উক্ত আদেশের বিরুদ্ধে কোন আপীল দায়ের করা যাইবে না।

(2) The arbitral tribunal may require a party to provide appropriate security in connection with a measure ordered under sub-section (1).

(3) No order under this section shall be passed without giving a notice to the other parties—

Provided that the arbitral tribunal may, where it appears that the object of taking interim measure under this section would be defeated by the delay, dispense with such notice.

(4) An order of an arbitral tribunal requiring the taking of interim measures may be enforced by the court, on an application made therefor, by the party requesting the taking of such interim measures.

(5) The application filed before the Court for the enforcement of the interim measures under sub-section (4) shall be deemed not to be incompatible with section 7 or with the arbitration agreement or a waiver of the agreement.

22. **Settlement other than arbitration**—(1) It shall not be incompatible with an arbitration agreement for an arbitral tribunal to encourage settlement of the dispute otherwise than by arbitration and, with the agreement of all the parties, the arbitral tribunal may use mediation, conciliation or any other procedures at any time during the arbitral proceedings to encourage settlement.

(2) If, during arbitral proceedings, the parties settle the dispute, the arbitral tribunal shall, if requested by the parties, record the settlement in the form of an arbitral award on agreed terms.

(3) An arbitral award on agreed terms shall be made in accordance with section 38 and shall state that it is an arbitral award on agreed terms.

(4) An arbitral award on agreed terms shall have the same status and effect as any other arbitral award made in respect of the dispute.

(২) সালিসী ট্রাইব্যুনাল উপ-ধারা (১) এর অধীন নির্দেশিত ব্যবস্থা সম্পর্কে কোন পক্ষকে উপযুক্ত জামানত সরবরাহের নির্দেশ দিতে পারিবে ।

(৩) অপর পক্ষকে নোটিশ প্রদান ব্যতীত এই ধারার অধীনে কোন আদেশ প্রদান করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, সালিসী ট্রাইব্যুনাল যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, বিলম্বের কারণে এই ধারার অধীন অন্তর্বর্তীকালীন ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্য ব্যর্থ হইবে, তাহা হইলে সালিসী ট্রাইব্যুনাল নোটিশ প্রদানের শর্ত পরিহার করিতে পারিবেন।

(৪) সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা গ্রহণের আদেশ উক্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধকারী পক্ষের আবেদনের ভিত্তিতে আদালত কর্তৃক বলবৎ হইতে পারিবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন অন্তর্বর্তীকালীন ব্যবস্থা বলবৎকরণের জন্য আদালতে দাখিলকৃত আবেদন ধারা ৭ বা সালিসী চুক্তির সহিত অসামঞ্জস্যপূর্ণ নয় বা চুক্তির কোন শর্ত পরিত্যাগ নয় মর্মে গণ্য হইবে।

**২২। সালিস ব্যতীত অন্যভাবে নিষ্পত্তি**—(১) সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক সালিস ব্যতীত অন্যভাবে বিরোধের নিষ্পত্তি উৎসাহিত করা হইলে উহা সালিস কার্যধারার সহিত অসামঞ্জস্যপূর্ণ হইবে না এবং সালিসী ট্রাইব্যুনাল সকল পক্ষের সম্মতিক্রমে, সালিসী কার্যধারার যে কোন পর্যায়ে, বিরোধীয় বিষয়টি নিষ্পত্তির জন্য মধ্যস্থতা, আপোষ বা অন্য যে কোন পদ্ধতি অনুসরণ করিতে পারিবে।

(২) সালিসী কার্যধারা চলাকালে পক্ষগণ বিরোধীয় বিষয়টি আপোষে নিষ্পত্তি করিলে এবং পক্ষগণ কর্তৃক অনুরুদ্ধ হইলে, সালিসী ট্রাইব্যুনাল উক্তরূপ নিষ্পত্তিকে সর্বসম্মত সিদ্ধান্ত হিসাবে সালিসী রোয়েদাদ আকারে লিপিবদ্ধ করিবে।

(৩) সর্বসম্মত শর্তে সালিসী রোয়েদাদ ধারা ৩৮ মোতাবেক প্রদত্ত হইবে এবং উহা যে একটি সম্মত শর্তের সালিসী রোয়েদাদ এই মর্মে উক্ত রোয়েদাদে উল্লেখ করিতে হইবে।

(৪) সর্বসম্মত শর্তের সালিসী রোয়েদাদের মর্যাদা ও কার্যকরতা বিরোধীয় অন্য যে কোন বিষয়ে প্রদত্ত সালিসী রোয়েদাদের অনুরূপ হইবে।

# Chapter VI

## Conduct of Arbitral Proceedings

**23. General Responsibilities of the arbitral tribunal —(1)** The arbitral tribunal shall deal with any of the dispute submitted to it fairly and impartially and for this purpose—

(a) each party shall be given reasonable opportunity to present his case orally or in writing; or both, and

(b) each party shall be given reasonable opportunity to examine all the documents and other relevant materials filed by other party or any other person concerned before the tribunal.

(2) The arbitral tribunal shall deal with a dispute submitted to it as quick as possible.

(3) The arbitral tribunal in conducting proceedings shall act fairly and impartially in deciding procedure and evidence and in exercising other powers conferred on it.

**24. The arbitral tribunal not bound by the Code of Civil Procedure and the Evidence Act—**

The arbitral tribunal shall not be bound to follow the provisions of the Code of Civil Procedure and the Evidence Act in disposing of a dispute under this Act.

**25. Determination of rules of procedure—**(1) Subject to this Act, the arbitral tribunal shall follow the procedure to be agreed on all or any by the parties in conducting its proceedings.

(2) In the absence of any agreement as to the procedure referred to in sub-section (1), the arbitral tribunal shall, subject to this Act, decide procedural and evidential matters in conducting its proceedings.

(3) Without prejudice to the powers of the parties to include by agreement, or of the arbitral tribunal to include, any other procedural and evidential matters, procedural and evidential matters include—

## পরিচ্ছেদ-৬

### সালিসী কার্যধারা পরিচালনা

২৩। **সালিসী ট্রাইব্যুনালের সাধারণ দায়িত্ব**—(১) সালিসী ট্রাইব্যুনাল উহার নিকট দাখিলকৃত যে কোন বিরোধ ন্যায়সংগত এবং পক্ষপাতহীনভাবে নিষ্পত্তি করিবে এবং এতদুদ্দেশ্যে-

(ক) প্রত্যেক পক্ষকে লিখিত, মৌখিক বা উভয়ভাবে তাহার মামলা উপস্থাপনের যুক্তিসংগত সুযোগ প্রদান করিবে; এবং

(খ) প্রত্যেক পক্ষকে অন্যান্য পক্ষ বা সংশ্লিষ্ট অন্য যে কোন ব্যক্তি কর্তৃক ট্রাইব্যুনালে উপস্থাপিত দলিল ও প্রাসংগিক অন্যান্য সামগ্রী পরীক্ষা করার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবে।

(২) সালিসী ট্রাইব্যুনাল উহার নিকট সালিসের জন্য দাখিলকৃত কোন বিরোধ যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করিবে।

(৩) সালিসী ট্রাইব্যুনাল সালিসী কার্যধারা পরিচালনার ক্ষেত্রে,কার্যবিধি ও সাক্ষ্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে এবং উহার উপর অর্পিত অন্য সকল ক্ষমতা প্রয়োগে ন্যায়সংগত, পক্ষপাতহীনভাবে দায়িত্ব পালন করিবে।

২৪। **সালিসী ট্রাইব্যুনাল দেওয়ানী কার্যবিধি আইন এবং সাক্ষ্য আইন অনুসরণে বাধ্য নয়**—এই আইনের অধীন কোন বিরোধীয় বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে সালিসী ট্রাইব্যুনাল দেওয়ানী কার্যবিধি এবং সাক্ষ্য আইনের বিধানাবলী অনুসরণে বাধ্য হইবে না।

২৫। **কার্যবিধি নির্ধারণ**—(১) সালিসী ট্রাইব্যুনাল উহার কার্যধারায় অনুসরণীয় সকল বা যে কোন বিষয়ে, এই আইনের বিধানাবলী সাপেক্ষে, পক্ষগণ কর্তৃক নির্ধারিত কার্যপদ্ধতি অনুসরণ করিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লেখিত কার্যপদ্ধতির অনুপস্থিতিতে সালিসী ট্রাইব্যুনাল উহার কার্যধারা পরিচালনায় পদ্ধতিগত ও সাক্ষ্যগত বিষয়গুলি এই আইনের বিধানাবলী সাপেক্ষে, নির্ধারণ করিবে।

(৩) পক্ষগণ কর্তৃক চুক্তির মাধ্যমে, বা সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক কার্যধারা পরিচালনায় পদ্ধতিগত ও সাক্ষ্যগত বিষয়গুলি নির্ধারণের ক্ষমতার হানি না করিয়া উক্তরূপ পদ্ধতিগত ও সাক্ষ্যগত বিষয়গুলিতে নিম্নবর্ণিত বিষয়গুলি অন্তর্ভুক্ত হইবে; যথাঃ-

(a) time and place of holding the proceedings either in whole or in part;

(b) language of the proceedings and to supply translation of a document concerned;

(c) written statement of claim, specimen copy of defence, time of submission and range of amendment.

(d) publication of document and presentation thereof;

(e) the questions asked to the parties and replies thereof;

(f) written or oral evidence as to the admissibility, relevance and weight of any materials;

(g) power of the arbitral tribunal in examining the issue of fact and issue of law.

(h) Submission or presentation of oral or documentary evidence.

(4) The arbitral tribunal may fix the time to enforce its orders and extend the time fixed by it.

**26. Place of arbitration**—(1) The parties shall be free to agree on the place of arbitration;

(2) Failing such agreement referred to in sub-section (1), the place of arbitration shall be determined by the arbitral tribunal having regard to the circumstances of the case, including the convenience of the parties.

(3) Notwithstanding anything contained in sub-section (1), or sub-section (2), the arbitral tribunal may, unless otherwise agreed by the parties, meet at any place it considers appropriate for consultation among its members, for hearing witnesses, experts or the parties, or for inspection of documents, goods or other property.

**27. Commencement of arbitral Proceedings**—Unless otherwise agreed by the parties, the proceedings shall be deemed to have commenced if —

(a) any dispute arises where the concerned arbitration agreement applies; and

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

(ক) সমগ্র বা আংশিক কার্যধারা অনুষ্ঠিত হওয়ার সময় ও স্থান;

(খ) কার্যধারার ব্যবহার্য ভাষা এবং কোন সংশ্লিষ্ট দলিলের অনুবাদ সরবরাহ করা;

(গ) দাবী সংক্রান্ত লিখিত বিবরণ ও আত্মপক্ষ সমর্থনের নমুনা, দাখিলের সময় এবং সংশোধনের পরিসীমা;

(ঘ) দলিলের প্রকাশ ও উপস্থাপন;

(ঙ) পক্ষগণকে জিজ্ঞাসিতব্য প্রশ্ন ও উহার জবাব;

(চ) কোন উপাদানের গ্রহণযোগ্যতা, প্রাসংগিকতা বা ওজনের বিষয়ে লিখিত বা মৌখিক সাক্ষ্য;

(ছ) বিরোধীয় বিষয়ে ঘটনা বা আইনগত দিক পর্যালোচনায় সালিসী ট্রাইব্যুনালের ক্ষমতা;

(জ) মৌখিক বা লিখিত সাক্ষ্য পেশ বা উপস্থাপন।

(৪) সালিসী ট্রাইব্যুনাল তৎকর্তৃক প্রদত্ত কোন নির্দেশ বাস্তবায়নের সময় ধার্য করিতে এবং ধার্যকৃত সময় বর্ধিত করিতে পারিবে।

**২৬। সালিসের স্থান**—(১) পক্ষগণ সালিসের স্থান নির্ধারণের লক্ষ্যে মতৈক্যে উপনীত হইতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন মতৈক্য না হইলে, পক্ষগণের সুবিধাসহ অবস্থা বিবেচনায় রাখিয়া সলিসী ট্রাইব্যুনাল সালিসের স্থান নির্ধারণ করিবে।

(৩) উপ-ধারা (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, সালিসী ট্রাইব্যুনাল উহার সদস্যদের আলাপ আলোচনার জন্য, সাক্ষী, বিশেষজ্ঞ বা পক্ষগণের শুনানীর জন্য বা দলিল, দ্রব্যসামগ্রী বা অন্যান্য সম্পত্তি পরিদর্শনের জন্য তৎকর্তৃক উপযুক্ত বিবেচিত যে কোন স্থানে মিলিত হইতে পারিবে।

**২৭। সালিসী কার্যধারা শুরু**—পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, কোন সালিসী কার্যধারা শুরু হইয়াছে মর্মে গণ্য হইবে যদি—

(ক) সংশ্লিষ্ট সালিস চুক্তি প্রযোজ্য হয় এইরূপ কোন বিরোধের উদ্ভব হয়; এবং

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

(b) any party to the agreement—

(i) has received from another party to the agreement a notice requiring that party to refer, or to concur in the reference of, the dispute to arbitration; or

(ii) has received from another party to the agreement a notice requiring that party to appoint an arbitral tribunal or to join or concur in, or approve the appointment of, an arbitral tribunal in relation to the dispute.

**28. Consolidation of Proceedings and concurrent hearings** — (1) The parties shall be free to agree upon in this respect that—

(a) any arbitration proceedings shall be consolidated with other arbitral proceedings;

(b) concurrent hearings shall be held on such terms as may be agreed;

(2) The arbitral tribunal shall have no power to consolidate the proceedings or concurrent hearing, unless the same is given by the parties on agreed terms to the tribunal.

**29. Statements of claim and defence**—(1) Within the period of time determined by the tribunal, the claimant shall state the facts supporting his claim, the points at issue and the relief or remedy sought, and the respondent shall state his defence in respect of these particulars, unless the parties have otherwise agreed.

(2) The parties may submit with their statements all documents they consider to be relevant or may add a reference to the documents or other evidence they will submit in future.

(3) Unless otherwise agreed by the parties, either party may amend or supplement his claim or defence during the course of the proceedings, unless the tribunal considers it inappropriate to allow the amendment or supplement for the sake of fairness or having regard to the delay in making it.

(খ) চুক্তির কোন পক্ষ—

(অ) অন্য পক্ষের নিকট হইতে উক্ত চুক্তি হইতে উদ্ভুত কোন বিরোধ সালিসে প্রেরণ করিতে বা প্রেরণ করার বিষয়ে সম্মতি জ্ঞাপনের নোটিশ প্রাপ্ত হয়; বা

(আ) অন্য পক্ষের নিকট হইতে বিরোধীয় বিষয়ে একটি সালিসী ট্রাইব্যুনাল নিয়োগের জন্য বা নিয়োগে অংশগ্রহণ করিতে বা সম্মত হইতে বা একটি সালিসী ট্রাইব্যুনালের নিযুক্তিতে অনুমোদন জ্ঞাপনের নোটিশপ্রাপ্ত হয়।

২৮। **কার্যধারা সংহতকরণ এবং একত্রে শুনানী**—(১) পক্ষগণ এতদুদ্দেশ্যে সম্মত হইতে পারিবে যে—

(ক) কোন সালিসী কার্যধারা অন্য সালিসী কার্যধারার সাথে সংহত হইবে;

(খ) সম্মত শর্তাধীনে একত্রে শুনানী অনুষ্ঠিত হইবে।

(২) পক্ষগণ মতৈক্যের মাধ্যমে অনুরূপ ক্ষমতা সালিসী ট্রাইব্যুনালকে অর্পণ না করিলে, কার্যধারা সংহতকরণ বা একত্রে শুনানীর আদেশ প্রদানের কোন ক্ষমতা সালিসী ট্রাইব্যুনালের থাকিবে না।

২৯। **দাবীর বিবরনী ও জবাব**—(১) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে দাবীকারী তাহার দাবী সমর্থনকারী ঘটনা, বিবেচ্য বিষয় ও প্রার্থীত প্রতিকার বর্ণনা করিবে এবং প্রতিপক্ষ এই সকল সুনির্দিষ্ট বিষয়ে জবাব প্রদান করিবে।

(২) পক্ষগণ বিবরণের সাথে সংশ্লিষ্ট সকল দলিল দাখিল করিতে এবং ভবিষ্যতে উপস্থাপন করা হইবে এইরূপ সকল দলিল বা সাক্ষ্যের বিবরণ সংযুক্ত করিতে পারিবে।

(৩) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, সালিসী কার্যধারা চলাকালে যে কোন পক্ষ তাহার দাবী সংশোধন বা দাবীর সহিত সংযোজন করিতে পারিবে, যদি না সালিসী ট্রাইব্যুনাল ন্যায়বিচার বা বিলম্ব এড়ানোর স্বার্থে উক্ত সংশোধন বা সংযোজন মঞ্জুর করা যথাযথ হইবে না মর্মে বিবেচনা করে।

**30. Hearings and proceedings**—(1) Unless otherwise agreed by the parties, the tribunal shall decide whether to hold oral hearings for the presentation of evidence or for oral argument, or whether the proceedings shall be conducted on the basis of documents and other materials:

Provided that the tribunal shall hold oral hearings, at an appropriate stage of the proceedings, either on a request by a party, or of its own motion, unless the parties have agreed that no oral hearing shall be held.

(2) The parties shall be given sufficient advance notice of any hearing and of any meeting of the tribunal for the purposes of inspection of documents, goods or other property.

(3) All statements, documents or other information supplied to, or applications made to the tribunal by one party shall be communicated to the other party, and any expert report or evidentiary document on which the tribunal may rely in making its decision shall be communicated to the parties.

**31. Legal or other representation**—Unless otherwise agreed by the parties, a party to an arbitral proceeding may be represented in the proceedings by the lawyer or other person chosen by him.

**32. Power to appoint experts, Legal advisers or assessors** — (1) Unless otherwise agreed by the parties, the arbitral tribunal may—

(a) appoint expert or legal adviser to report to it on specific issues to be determined by the tribunal; and

(b) appoint assessor to assist it on technical matters; and

(c) require a party to give the expert, legal adviser or the assessor, as the case may be, any relevant information or to produce, or to provide access to, any relevant documents, goods or other property for his inspection.

(2) Unless otherwise agreed by the parties—

**৩০। শুনানী ও কার্যধারা**—(১) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, সাক্ষ্য উপস্থাপনের জন্য মৌখিক শুনানী বা মৌখিক যুক্তিতর্ক অনুষ্ঠান করা হইবে কিনা অথবা পক্ষগণ কর্তৃক দাখিলকৃত হলফ নামাসহ দলিল ও অন্যান্য উপাদানের ভিত্তিতে কার্যধারা পরিচালনা করা হইবে কিনা তাহা সালিসী ট্রাইব্যুনাল নির্ধারণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন মৌখিক শুনানী অনুষ্ঠিত হইবে না মর্মে পক্ষগণ মতৈক্যে উপনীত না হইলে, সালিসী ট্রাইব্যুনাল যে কোন পক্ষের অনুরোধ বা নিজ উদ্যোগে কার্যধারার যথাযথ পর্যায়ে মৌখিক শুনানী গ্রহণ করিবে।

(২) শুনানী গ্রহণ এবং দলিল, দ্রব্যসমগ্রী বা অন্যান্য সম্পত্তি পরিদর্শনের উদ্দেশ্যে সালিসী ট্রাইব্যুনালের বৈঠকের বিষয়ে পক্ষগণকে পর্যাপ্ত অগ্রিম নোটিশ প্রদান করিবে।

(৩) সালিসী ট্রাইব্যুনালের নিকট সরবরাহকৃত সকল বিবরণী, দলিল বা অন্যান্য তথ্য বা কোন একপক্ষ কর্তৃক উক্ত ট্রাইব্যুনালের নিকট দাখিলকৃত আবেদন সম্পর্কে অপর পক্ষকে অবগত করিবে এবং সালিসী ট্রাইব্যুনাল সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্ভর করিতে পারে এইরূপ যে কোন বিশেষজ্ঞ প্রতিবেদন বা সাক্ষ্যগত দলিল পক্ষগণকে অবগত করিবে।

**৩১। আইনগত বা অন্যান্য প্রতিনিধিত্ব**—পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, সালিসী কার্যধারার কোন পক্ষ আইনজীবী বা তাহার মনোনীত অন্য কোন ব্যক্তির মাধ্যমে উক্ত কার্যধারায় প্রতিনিধিত্ব করিতে পারিবে।

**৩২। বিশেষজ্ঞ, আইন উপদেষ্টা বা এসেসর নিয়োগের ক্ষমতা**—(১) পক্ষগণের মধ্যে ভিন্নরূপ চুক্তি না থাকিল, সালিসী ট্রাইব্যুনাল—

(ক) তৎকর্তৃক নির্ধারিত সুনির্দিষ্ট বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য বিশেষজ্ঞ বা আইন উপদেষ্টা নিয়োগ করিতে পারিবে;

(খ) কারিগরি বিষয়ে সহায়তাদানের জন্য এসেসর নিয়োগ করিতে পারিবে; এবং

(গ) সংশ্লিষ্ট কোন তথ্য প্রদানের বা সংশ্লিষ্ট দলিল, দ্রব্যসামগ্রী বা অন্যান্য সম্পত্তি বিশেষজ্ঞ, আইন উপদেষ্টা, বা, ক্ষেত্রমত, এসেসরের পরিদর্শনের জন্য উপস্থাপন করিতে বা উহাতে প্রবেশাধিকার প্রদানের জন্য কোন পক্ষকে আদেশ করিতে পারিবে।

(২) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে-

(a) if a party or the arbitral tribunal so requests, the expert, legal adviser or the assessor, as the case may be, shall, after delivery of his written or oral report, participate in an oral hearing where the parties have the opportunity to put questions to him and to present expert witnesses in order to testify on the points at issue.

(b) the expert, legal adviser or the assessor, as the case may be, shall, on the request of a party, make available to that party all documents, goods or other property in the possession of him with which he was provided in order to prepare his report.

(c) the parties shall be given reasonable opportunity to comment on the report, information, opinion or advice submitted in the tribunal by the expert, legal adviser or the assessor.

**33. Summons to witnesses**—(1) The arbitral tribunal, or a party to the proceedings with the approval of the tribunal, may apply to the Court for issuing summons upon any person necessary for examining, or submitting materials or appearing, or producing before the tribunal for both the purposes, as the case may be, and the Court shall issue such summons.

(2) A person shall not be compelled under any summons issued under sub-section (1) to answer any question or produce any documents or materials which that person could not be compelled to answer or produce at the trial in an action before the Court.

(3) Persons failing to attend before the tribunal in accordance with such summons as issued under sub-section (1), or making any other default, or refusing to perform, or guilty of any contempt to the arbitral tribunal during the conduct of arbitral proceedings, shall be subject to the like punishments by order of the Court or the arbitral representation of the arbitral tribunal as they would incur for the like offences in suits tried before the Court.

(ক) কোন পক্ষের বা সালিসী ট্রাইব্যুনালের অনুরোধে কোন বিশেষজ্ঞ, আইন উপদেষ্টা, বা ক্ষেত্রমত, এসেসর তাহার লিখিত বা মৌখিক প্রতিবেদন দাখিল এবং তথ্য, মতামত বা পরামর্শ সরবরাহ করিবার পর মৌখিক শুনানীতে অংশগ্রহণ করিবে, যাহাতে পক্ষগণ তাহাকে প্রশ্ন করিতে এবং বিবেচ্য বিষয়ে বিশেষজ্ঞ সাক্ষী উপস্থাপনের সুযোগ পাইতে পারে;

(খ) বিশেষজ্ঞ, আইন উপদেষ্টা, বা, ক্ষেত্রমত, এসেসর তাহার দখলে থাকা সমুদয় দলিল, দ্রব্য সামগ্রী বা, অন্যান্য সম্পত্তি, যাহা প্রতিবেদন প্রণয়নের জন্য তাহাকে সরবরাহ করা হইয়াছিল, তাহা কোন পক্ষের অনুরোধে উক্ত পক্ষের প্রাপ্তিসাধ্য করিবে;

(গ) কোন বিশেষজ্ঞ, আইন উপদেষ্টা বা এসেসর কর্তৃক সালিসী ট্রাইব্যুনালে দাখিলকৃত কোন প্রতিবেদন তথ্য মতামত বা পরামর্শের উপর মন্তব্য করার জন্য পক্ষগণকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবে।

**৩৩। সাক্ষীর প্রতি সমন**—(১) সালিসী ট্রাইব্যুনাল বা, সালিসী ট্রাইব্যুনালের অনুমতিক্রমে, সালিসী কার্যধারার কোন পক্ষ প্রয়োজনীয় কোন ব্যক্তিকে পরীক্ষার জন্য, বা দ্রব্যসামগ্রী উপস্থাপনের জন্য বা উভয় উদ্দেশ্যে সালিসী ট্রাইব্যুনালের সম্মুখে হাজির হইবার জন্য বা, ক্ষেত্রমত, উপস্থাপনের জন্য সমন ইস্যুর লক্ষ্যে আদালতে আবেদন করিতে পারিবে এবং আদালত অনুরূপ সমন ইস্যু করিবে।

(২) আদালতে কোন মোকদ্দমার বিচারে কোন ব্যক্তিকে যে প্রশ্নের উত্তরদানে বা যে দ্রব্য উপস্থাপনের বাধ্য করা যায় না উপ-ধারা (১) এর অধীন ইস্যুকৃত কোন সমনের মাধ্যমে সালিসী ট্রাইব্যুনাল হাজির করা কোন ব্যক্তিকে সেইরূপ কোন প্রশ্নের উত্তরদানে বা দলিল বা দ্রব্য-সামগ্রী উপস্থাপনেও বাধ্য করা যাইবে না।

(৩) যেই সকল ব্যক্তি উপ-ধারা (১) এর অধীনে ইস্যুকৃত সমন অনুসারে সালিসী ট্রাইব্যুনালে হাজির হইতে ব্যর্থ হইবে, বা অন্য কোন সংশ্লিষ্ট ব্যাপারে বা বিষয়ে বিচ্যুতি করিবে বা সম্পাদনে অস্বীকার করিবে বা সালিসী কার্যধারা চলাকালে সালিসী ট্রাইব্যুনাল অবমাননার অপরাধ করিবে, তাহা হইলে, সালিসী ট্রাইব্যুনালের অভিযোগের ভিত্তিতে তাহারা, আদালতের আদেশ দ্বারা, আদালতে মোকদ্দমার বিচারকালে কৃত অনুরূপ অপরাধের জন্য যেইরূপ শাস্তির জন্য দায়ী হইতেন সেইরূপ শাস্তির জন্য দায়ী হইবেন।

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

**34. Evidence before the arbitral tribunal**—Unless otherwise agreed by the parties—

(a) evidence may be given before the arbitral tribunal orally or in writing or by affidavit,

(b) the arbitral tribunal may administer on oath or affirmation to a witness subject to his consent.

**35. Powers of the arbitral tribunal in case of default of the parties**—(1) The parties shall be free to agree on the powers of the arbitral tribunal in case of a party's failure to do something necessary for the proper and expeditious conduct of the arbitration.

(2) Where under sub-section (1) of section 29—

(a) any claimant fails to communicate his statement of claim, the tribunal shall terminate the proceedings; and

(b) the respondent fails to communicate his statement of defence, the tribunal shall continue the proceedings without treating that failure in itself as an admission of the allegations by the claimant.

(3) If the arbitral tribunal is satisfied that there has been inordinate and inexcusable delay on the part of the claimant in pursuing his claim and that the delay—

(a) gives rise, or is likely to give rise, to a substantial risk that it is not possible to have a fair resolution of the issues in that claim, or

(b) has caused, or is likely to cause, serious prejudice to the respondent, the arbitral tribunal may make an award dismissing the claim.

(4) If without showing sufficient cause a party—

(a) fails to attend or be represented at an oral hearing of which due notice was given, or

৩৪। **সালিসী ট্রাইব্যুনালে সাক্ষ্য প্রদান**—পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে—

(ক) সালিসী ট্রাইব্যুনালে মৌখিক বা লিখিতভাবে এফিডেভিট দ্বারা সাক্ষ্য প্রদান করা যাইবে;

(খ) সাক্ষীর সম্মতি সাপেক্ষে, সালিসী ট্রাইব্যুনাল সাক্ষীকে শপথ বা সত্য পাঠ করাইতে পারিবে।

৩৫। **পক্ষগণের ব্যর্থতার ক্ষেত্রে সালিসী ট্রাইব্যুনালের ক্ষমতা**—(১) যথাযথভাবেও দ্রুত সালিসী কার্যধারা পরিচালনার জন্য আবশ্যকীয় কোন কিছু সম্পাদনে কোন পক্ষের ব্যর্থতার ক্ষেত্রে সালিসী ট্রাইব্যুনালের ক্ষমতার বিষয়ে পক্ষগণ চুক্তিতে উপনীত হইতে পারিবে।

(২) কোন দাবীদার ধারা ২৯ এর—

(ক) উপ-ধারা (১) অনুসারে তাহার দাবীর বিবরণী প্রদানে ব্যর্থ হইলে সালিসী ট্রাইব্যুনাল কার্যধারা সমাপ্ত করিবে; এবং

(খ) উপ-ধারা (১) অনুসারে উক্ত দাবীদারের প্রতিপক্ষ জবাবের বিবরণী প্রদানে ব্যর্থ হইলে সালিসী ট্রাইব্যুনাল ঐ ব্যর্থতাকে অভিযোগের স্বীকৃতি গণ্য না করিয়া কার্যধারা অব্যাহত রাখিবে।

(৩) যদি সালিসী ট্রাইব্যুনালের নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে দাবী আদায়ের জন্য ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে দাবীদার এমন অস্বাভাবিক ও অমার্জনীয় বিলম্ব করিয়াছেন যাহার ফলে-

(ক) বিরোধের ন্যায্য সমাধান সম্ভব না হওয়ার মত বাস্তব ঝুঁকির সৃষ্টি হইয়াছে বা হইবার সম্ভাবনা দেখা দিয়াছে; বা

(খ) প্রতিপক্ষের জন্য গুরুতর ক্ষতির কারণ হইয়াছে বা ক্ষতির সম্ভাবনা দেখা দিয়াছে—

তাহা হইলে সালিসী ট্রাইব্যুনাল দাবী খারিজ করিয়া রোয়েদাদ প্রদান করিতে পারিবে।

(৪) যদি কোন পক্ষ, পর্যাপ্ত কারণ ব্যতীত, এতদুদ্দেশ্যে জারীকৃত নোটিশপ্রাপ্তি সত্ত্বেও—

(ক) কোন মৌখিক শুনানীতে হাজির হইতে বা প্রতিনিধিত্ব করিতে ব্যর্থ হয়; বা

(b) where matters are to be dealt with in writing fails, after due notice, to submit written evidence or make written submissions,

The arbitral tribunal may continue the proceeidngs in the absence of that party or, as the case may be, without any written evidence or submissions on his behalf, and may make an award on the basis of the evidence before it.

(5) If without showing sufficient cause a party fails to comply with any order or directions of the arbitral tribunal, the arbitral tribunal may make an order to comply with such order or directions within such time as it may deem fit.

(6) If a claimant fails to comply with an order of the arbitral tribunal to provide security for costs, the arbitral tribunal may make an award dismissing his claim.

(7) If a party fails to comply with any other kind of order not referred to in any of the sub-sections of this section, then the arbitral tribunal may—

(a) direct that the party in default shall not be entitled to rely upon any allegation or material which was the subject-matter of the order;

(b) draw such adverse inferences from the act of non-compliance as the circumstances justify;

(c) proceed to an award on the basis of such materials as have been properly provided to it; or

(d) make such order, as it thinks fit, as to the payment of costs of the arbitration incurred in consequence of the non-compliance.

(খ) আবশ্যকীয় লিখিত সাক্ষ্য দাখিল করিতে বা লিখিত নিবেদন উপস্থাপনে ব্যর্থ হয়, তাহা হইলে সালিসী ট্রাইব্যুনাল উক্ত পক্ষের অনুপস্থিতিতে বা, ক্ষেত্রমত, তাহার পক্ষে লিখিত সাক্ষ্য বা নিবেদন উপস্থাপন ব্যতীত কার্যধারা অব্যাহত রাখিতে এবং উপস্থাপিত সাক্ষ্যের ভিত্তিতে রোয়েদাদ প্রদান করিতে পারিবে।

(৫) কোন পক্ষ পর্যাপ্ত কারণ প্রদর্শন ব্যতীত সালিসী ট্রাইব্যুনালের কোন আদেশ বা নির্দেশ প্রতিপালনে ব্যর্থ হইলে, উক্ত ট্রাইব্যুনাল অনুরূপ আদেশ বা নির্দেশ প্রতিপালনের জন্য উহার বিবেচনায় সময়সীমা নির্দিষ্ট করিয়া আদেশ প্রদান করিতে পারিবে।

(৬) কোন দাবীদার জামানত বা খরচার সংস্থানের লক্ষ্যে সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত কোন আদেশ বা নির্দেশ পালনে ব্যর্থ হইলে উক্ত ট্রাইব্যুনাল দাবী খারিজ করিয়া রোয়েদাদ প্রদান করিতে পারিবে।

(৭) এই ধারার কোন উপ-ধারায় উল্লেখ করা হয় নাই, সালিসী ট্রাইব্যুনালের এমন কোন আদেশ যদি কোন পক্ষ প্রতিপালনে ব্যর্থ হয়, তাহা হইলে, উক্ত ট্রাইব্যুনাল—

(ক) এই মর্মে নির্দেশ প্রদান করিতে পারিবে যে, আদেশের বিষয়বস্তু ছিল এমন অভিযোগ বা উপাদানের উপর অসমর্থ পক্ষ নির্ভর করিতে পারিবে না;

(খ) আদেশ অমান্যের কারণে উদ্ভূত পরিস্থিতি বিবেচনাক্রমে অসমর্থ পক্ষের স্বার্থের প্রতিকূল সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে;

(গ) উহার নিকট যথাযথভাবে উপস্থাপিত উপাদানের ভিত্তিতে রোয়েদাদ প্রণয়নে অগ্রসর হইতে পারিবে; বা

(ঘ) আদেশ অমান্যের পরিণতিতে খরচের ব্যয় বিষয়ে উহার বিবেচনায় উপযুক্ত আদেশ প্রদান করিতে পারিবে।

## Chapter VII

### Making of arbitral award and termination of proceedings

**36. Rules applicable to substance of dispute**—(1) The arbitral tribunal shall decide the dispute in accordance with the rules of law as are designated by the parties as applicable to the substance of the dispute;

Provided that any designation by the parties of the law or legal system of a given country shall be construed, unless otherwise expressed, as directly referring to the substantive law of that country.

(2) failing any designation of the law under sub-section (1) by the parties, the arbitral tribunal shall apply the rules of law it considers to be appropriate given all the circumstances surrounding the dispute.

(3) the arbitral tribunal shall decide in accordance with the terms of the contract taking into account the usages of the concerned matter, if any, for ends of justice.

**37. Decision making by panel of arbitrators**—(1) Unless otherwise agreed by the parties, in arbitral proceedings with more than one arbitrator, any decision of the arbitral tribunal shall be made by a majority of all its members.

(2) Notwithstanding anything contained in sub-section (1), if authorized by the parties or all the members of the arbitral tribunal, questions of procedure may be decided by the Chairman of the arbitral tribunal.

**38. Form and contents of arbitral tribunal**—(1) An arbitral award shall be made in writing and shall be signed by the arbitrator or arbitrators.

(2) In arbitral proceedings with more than one aribtrator, the signatures of the majority of all the members of the arbitral tribunal shall be sufficient so long as the reason for any omitted signature is stated.

# পরিচ্ছেদ-৭

## রোয়েদাদ এবং কার্যধারা পরিসমাপ্তি

৩৬। **বিরোধের বিষয়বস্তুতে আইনের প্রয়োগ**—(১) কোন বিরোধের বিষয়বস্তুর ক্ষেত্রে কোন আইন প্রযোজ্য হইবে মর্মে পক্ষগণ কর্তৃক নির্ধারিত হইলে সালিসী ট্রাইব্যুনাল সংশ্লিষ্ট আইনের বিধান অনুসারে উক্ত বিরোধ নিষ্পত্তি করিবে।

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ক্ষেত্রে পক্ষগণ যেই দেশের আইন বা আইনগত ব্যবস্থা নির্ধারণ করিবে, সেই দেশের প্রচলিত আইনের ভিন্নতার ক্ষেত্রে শুধুমাত্র মৌলিক আইনকে বুঝাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন দেশের আইন নির্ধারণ করা না হইলে সালিসী ট্রাইব্যুনাল বিবেচনায়, ভিন্নতার ক্ষেত্রে, যে আইন উপযুক্ত বিবেচিত, উক্ত আইন প্রয়োগ করিবে।

(৩) স্যালিসী ট্রাইব্যুনাল চুক্তির শর্ত অনুযায়ী সাধারণ ন্যায় বিচারের স্বার্থে সংশ্লিষ্ট বিষয়ে প্রথা, যদি থাকে, বিবেচনায় আনিয়া সিদ্ধান্ত প্রদান করিবে।

৩৭। **একাধিক সালিসকারীর সমন্বয়ে গঠিত সালিসী ট্রাইব্যুনালের সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি**—(১) পক্ষগণ অন্যভাবে সম্মত না হইলে, একাধিক সালিসকারী সমন্বয়ে গঠিত সালিসী ট্রাইব্যুনালের সিদ্ধান্ত উহার সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনে গৃহীত হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, পক্ষগণের দ্বারা অথবা সালিসী ট্রাইব্যুনালের সকল সদস্যের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে, পদ্ধতি সম্পর্কিত সকল প্রশ্নের সালিসী ট্রাব্যুনালের চেয়ারম্যান সিদ্ধান্ত প্রদান করিবেন।

৩৮। **সালিসী রোয়েদাদের নমুনা ও বিষয়বস্তু**—(১) সালিসী ট্রাইব্যুনালের রোয়েদাদ লিখিত এবং সালিসীকারী বা সালিসকারীগণ কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

(২) সালিসীকারীর একাধিক সালিসকারীর সমন্বয়ে গঠিত সালিসী ট্রাইব্যুনালের রোয়েদাদে সংখ্যাগরিষ্ঠ স্বাক্ষর পর্যাপ্ত হইবে এবং কোন সালিসকারী স্বাক্ষর না করিলে উহার কারণ রোয়েদাদে উল্লেখ করিতে হইবে।

(3) No reasons shall have to be stated by the arbitral tribunal where the parties have agreed that no reasons are to be given, or the award is an arbitral award on agreed terms under section 22.

(4) The arbitral award shall state its date and the place of arbitration as determined in accordance with section 26 and the award shall be deemed to have been made at that place.

(5) After the arbitral award is made, a copy signed by the arbitrator or arbitrators shall be delivered to each party.

(6) Unless otherwise agreed by the parties—

(a) where and in so for as an arbitral award is for the payment of money, the arbitral tribunal may include in the sum for which the award is made interest, at such rate as it deems reasonable, on the whole or any part of money, for the whole or any part of the period between the date on which the cause of action arouse and the date on which the award is made.

(b) A sum directed to be paid by an arbitral award shall, unless the award otherwise directs, carry interest at the rate of two percent per annum which is more than the usual Bank rate from the date of the award to the date of payment.

*Explanation*—"Bank Rate" under this sub-section means the rate of interest as determined by the Bangladesh Bank from time to time.

(7) Unless otherwise agreed by the parties—

(a) the costs of an arbitration shall be fixed by the arbitral tribunal.

(b) the arbitral tribunal shall specify—

(i) the party entitled to costs;

(ii) the party who shall pay the costs;

(iii) the amount of costs or method of determining that amount, and

(iv) the manner in which the costs shall be paid.

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

(৩) সালিসী রোয়েদাদের অনুকূলে যুক্তি প্রর্দশনের প্রয়োজন হইবে না মর্মে পক্ষগণ সম্মত হইলে অথবা রোয়েদাদটি ধারা ২২ এর অধীন সম্মত শর্ত অনুযায়ী প্রদত্ত হইয়া থাকিলে সালিসী রোয়েদাদের অনুকূলে যুক্তি প্রদর্শন করার প্রয়োজন হইবে না।

(৪) ধারা ২৬ অনুসারে নির্ধারিত মতে সালিসী রোয়েদাদে সালিসের তারিখ এবং স্থান উল্লেখ করিতে হইবে এবং রোয়েদাদটি উক্ত স্থানে প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) রোয়েদাদ প্রদত্ত হওয়ার পর সালিসী ট্রাইব্যুনালের সালিসকারী বা সালিসকারীদের স্বাক্ষর সম্বলিত রোয়েদাদের একটি অনুলিপি প্রত্যেক পক্ষকে সরবরাহ করিতে হইবে।

(৬) পক্ষগণের দ্বারা অন্যভাবে সাব্যস্ত না হইলে—

(ক) সালিসী রোয়েদাদে অর্থ পরিশোধের বিষয় থাকিলে পরিশোধিতব্য অর্থের সহিত, বিরোধ উদ্ভব হইবে তারিখ হইতে রোয়েদাদ প্রদান করিবার তারিখ পর্যন্ত সময়সীমার সম্পূর্ণ বা অংশের জন্য সালিস চুক্তিতে নির্ধারিত হারে বা, অনুরূপ হার না থাকিলে, সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক নির্ধারিত হারে সুদ যুক্ত করা যাইবে; এবং

(খ) রোয়েদাদে অন্যভাবে আদেশ প্রদত্ত না হইলে, রোয়েদাদ প্রদত্ত হওয়ার তারিখ হইতে অর্থ পরিশোধের তারিখ পর্যন্ত সময়কালের জন্য সালিসী রোয়েদাদ দ্বারা যে অর্থ পরিশোধের জন্য আদেশ প্রদান করা হইবে উক্ত অর্থের সহিত প্রচলিত ব্যাংক হার অপেক্ষা ২% অধিক বাৎসরিক হারে সুদ প্রদেয় হইবে।

*ব্যাখ্যা*-এই উপ-ধারার "ব্যাংক হার" অর্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত সুদের হারকে বুঝাইবে।

(৭) পক্ষগণ অন্যভাবে সম্মত না হইলে—

(ক) সালিসের খরচ সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক নির্ধারিত হইবে; এবং

(খ) সালিসী ট্রাইব্যুনাল রোয়েদাদে—

(অ) খরচ পাইতে অধিকারী পক্ষের নাম;

(আ) খরচ প্রদানকারী পক্ষের নাম;

(ই) খরচের পরিমাণ অথবা উক্ত পরিমাণ নির্ধারণের পদ্ধতি; এবং

(ঈ) খরচ প্রদান করার পদ্ধতি উল্লেখ করিবে।

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

*Explanation*—Under this sub-section, "arbitration costs" includes reasonable costs relating to the fees and expenses of the arbitrators and witnesses; legal fees and expenses,

any administration fees of the institution supervising the arbitration and any other expenses incurred in connection with the arbitral proceedings and the arbitral award.

**39. Award to be final and binding**—(1) An arbitral award made by an arbitral tribunal pursuant to an arbitration agreement shall be final and binding both on the parties and on any persons claiming through or under them.

(2) Notwithstanding anything contained in sub-section (1), the right of a person to challenge the arbitral award in accordance with the provisions of this Act shall not be affected.

**40. Correction and interpretation of awards etc**—(1) Within fourteen days from the receipts of the arbitral award, unless another period of time has been agreed upon by the parties—

(a) a party with notice to the other party—

(i) may request the arbitral tribunal to correct any computation errors, any clerical or typographical errors or any other errors of a similar nature occurring in the award;

(ii) may request the arbitral tribunal to any divisibe part of the award which has not been sent to the tribunal or if sent it does not affect the arbitral award on the matters sent to the tribunal.

(b) if so agreed by the parties, a party with notice to the other party, may request the arbitral tribunal to give an interpretation of a part or a specific point of the arbitral award.

(2) If the arbitral tribunal considers the request made under sub-section (1) to be justified, it shall make the correction, or give the interpretation as the case may be, within fourteen days from the receipt of the request or where the parties agree upon the longer period of time on the request of the arbitral tribunal, within that agreed longer period of time.

*ব্যাখ্যা*—এই উপ-ধারার 'সালিসের খরচ' অর্থে সাক্ষীদের ফি সহ সালিসের খরচাদি আইনগত ফি এবং খরচাদি, সালিস তদারককারী কোন প্রতিষ্ঠানের প্রশাসনিক ফি এবং সালিসী কার্যধারা ও সালিসী রোয়েদাদ বিষয়ে ব্যয়িত খরচাদি সম্পর্কিত যুক্তিসংগত খরচ অন্তর্ভুক্ত হইবে।

**৩৯। রোয়েদাদ চূড়ান্ত ও বাধ্যকর**—(১) কোন সালিস চুক্তির ধারাবাহিকতায় সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত রোয়েদাদ চূড়ান্ত হইবে এবং উহা পক্ষগণ এবং তাহাদের মাধ্যমে বা অধীনে দাবীদার যে কোন ব্যক্তির উপর বাধ্যকর হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধান অনুসারে সালিসী রোয়েদাদের বিরুদ্ধে কোন ব্যক্তির আপত্তি উত্থাপনের অধিকার ক্ষুন্ন হইবে না।

**৪০। রোয়েদাদের সংশোধন, ব্যাখ্যা ইত্যাদি**—(১) পক্ষগণ নতুন কোন সময়সীমা সম্পর্কে সম্মত না হইলে রোয়েদাদ প্রাপ্ত হওয়ার চৌদ্দ দিনের মধ্যে—

(ক) কোন এক পক্ষ, অপর পক্ষকে নোটিশ প্রদান করিয়া—

(অ) সালিসী রোয়েদাদে সংঘটিত হওয়া গণানাগত ভুল কোন করণিক অথবা মুদ্রাক্ষরজনিত ত্রুটি বা বিচ্যুতি অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন ত্রুটি সংশোধন করিতে; অথবা

(আ) যেক্ষেত্রে রোয়েদাদের বিভাজনযোগ্য অংশবিশেষ এমন কোন বিষয় সম্পর্কিত যাহা সালিসে প্রেরিত হয় নাই এবং সালিসে প্রেরিত বিষয়ের উপর প্রদত্ত সিদ্ধান্তকে উহা প্রভাবিত করে না সেইক্ষেত্রে সালিসী রোয়েদাদ পরিমার্জন করিতে, সালিসী ট্রাইব্যুনালকে অনুরোধ করিতে পারিবে;

(খ) পক্ষগণের মধ্যে মতৈক্য সাপেক্ষে, কোন এক পক্ষ অপর পক্ষকে নোটিশ প্রদান করিয়া যে কোন সালিসী রোয়েদাদের অংশবিশেষের অথবা কোন সুস্পষ্ট বিষয়ের উপর ব্যাখ্যা প্রদান করিতে সালিসী ট্রাইব্যুনালকে অনুরোধ করিতে পারিবে।

(২) সালিসী ট্রাইব্যুনাল, উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত কোন অনুরোধ যথার্থ মনে করিলে অনুরোধ প্রাপ্তির চৌদ্দ দিনের মধ্যে, বা সালিসী ট্রাইব্যুনালের অনুরোধে পক্ষগণ দীর্ঘতর সময়সীমার ব্যাপারে সম্মত হইলে, উক্ত দীর্ঘতর সময়ের মধ্যে অনুরূপ সংশোধন বা পরিমার্জন করিবে বা,ক্ষেত্রমত, ব্যাখ্যা প্রদান করিবে।

(3) The arbitral tribunal may correct any computation errors, any clerical or typographical errors or any other errors of similar nature occurring in the award referred to in clause (a) of sub-section (1) within fourteen days from the date of the arbitral award.

(4) Under this section any correction, modification or interpretation, as the case may be, shall form part of the arbitral award.

(5) Unless otherwise agreed by the parties, a party with a notice to the other party, may request, within fourteen days from the receipt of the arbitral award, the arbitral tribunal to make an additional arbitral award as to claims presented in the arbitral proceedings but omitted from the arbitral award.

(6) If the arbitral tribunal considers the request made under sub-section (5) to be justified, it shall make the additional arbitral award within sixty days from the date of receipt of such request.

(7) The provisions of sections 38 and 39 shall apply to a correction, modification or interpretation of the arbitral award or to an additional arbitral award made under this section.

**41. Termination of proceedings**—(1) The arbitral proceedings shall be terminated by the final arbitral award or by an order of the arbitral tribunal under sub-section (2).

(2) The arbitral tribunal shall issue an order for the termination of the arbitral proceedings where—

(a) the claimant withdraws his claim, unless the respondent objects to the order and the arbitral tribunal recognises a legitimate interest on his part in obtaining a final settlement of the dispute.

(b) the parties agree on the termination of the proceedings; or

(c) the arbitral tribunal finds that the continuation of the proceedings has for any other reason become unnecessary or impossible.

(3) Subject to the provisions of section 40, the mandate of the arbitral tribunal shall terminate with the termination of the arbitral proceedings.

(৩) সালিসী রোয়েদাদ প্রদত্ত হওয়ার চৌদ্দ দিনের মধ্যে সালিসী ট্রাইব্যুনাল উপ-ধারা (১) এর দফা (ক) তে উল্লিখিত যে কোন গণনাগত, করণিক বা মুদ্রাক্ষরজনিত ত্রুটি-বিচ্যুতি বা অনুরূপ অন্য কোন ত্রুটি সংশোধন করিতে পারিবে।

(৪) এই ধারার অধীন কোন সংশোধন, পরিমার্জন বা ক্ষেত্রমত, ব্যাখ্যা সালিসী রোয়েদাদের অংশ হইবে।

(৫) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, কোন পক্ষ, অপর পক্ষকে নোটিশ প্রদান করিয়া, সালিসী কার্যধারায় উপস্থাপিত হইয়াছে অথচ রোয়েদাদে অন্তর্ভুক্ত হয় নাই এমন কোন দাবী সম্পর্কে অতিরিক্ত সালিসী রোয়েদাদ প্রদান করিতে, সালিসী রোয়েদাদ প্রাপ্তির চৌদ্দ দিনের মধ্যে সালিসী ট্রাইব্যুনালকে অনুরোধ করিতে পারিবে।

(৬) সালিসী ট্রাইব্যুনাল, উপ-ধারা (৫) এর অধীন প্রাপ্ত অনুরোধ যথার্থ মনে করিলে, অনুরোধ প্রাপ্তির ষাট দিনের মধ্যে অতিরিক্ত রোয়েদাদ প্রদান করিতে পারিবে।

(৭) এই ধারার অধীনে কোন সালিসী রোয়েদাদ অথবা  অতিরিক্ত সালিসী রেয়েদাদ এর সংশোধন, পরিমার্জন বা ব্যাখ্যার ক্ষেত্রে ধারা ৩৮ এবং ৩৯ এর বিধানসমূহ প্রযোজ্য হইবে।

৪১। **কার্যধারার সমাপ্তি**—(১) চূড়ান্ত সালিসী রোয়েদাদ অথবা উপ-ধারা (২) এর অধীনে প্রদত্ত আদেশের মাধ্যমে সালিসী কার্যধারার সমাপ্তি ঘটিবে।

(২) সালিসী ট্রাইব্যুনাল সালিসী কার্যক্রমের সমাপ্তির আদেশ প্রদান করিবে, যদি—

(ক) দাবীদার তাহার দাবী প্রত্যাহার করে এবং যদি না, উক্তরূপে সমাপ্তির বিরুদ্ধে প্রতিপক্ষ আপত্তি উত্থাপন করে এবং বিরোধের বিষয় চূড়ান্ত নিষ্পত্তিতে প্রতিপক্ষের বৈধ স্বার্থ আছে মর্মে সালিসী ট্রাইব্যুনাল কর্তৃক স্বীকৃত হয়;

(খ) পক্ষগণ কার্যধারা সমাপ্তিতে সম্মত হয়; বা

(গ) কোন কারণে কার্যক্রমের অবিরাম অনুবৃত্তি অপ্রয়োজনীয় অথবা অসম্ভব হইয়া পড়ে।

(৩) ধারা ৪০ এর বিধান সাপেক্ষে সালিসী ট্রাইব্যুনালের কর্তৃত্ব সালিসী কার্যধারার সমাপ্তির সাথে সাথে সমাপ্ত হইবে।

# Chapter VIII

## Recourse against arbitral award

**42. Application for setting aside arbitral award**—(1) The Court may set aside any arbitral award under this Act other than an award made in an international commercial arbitration on the application of a party within sixty days from the receipt of the award.

(2) The High Court Division may set aside any arbitral award made in an international commercial arbitration held in Bangladesh on the application of a party within sixty days from the receipt of the award.

**43. Grounds for setting aside arbitral tribunal**—(1) An arbitral award may be set aside if—

(a) the party making the application furnishes proof that—

(i) a party to the arbirtration agreement was under some incapacity;

(ii) The arbitration agreement is not valid under the law to which the parties have subjected it;

(iii) the party making the application was not given proper notice of the appointment of an arbitrator or of the arbitral proceedings or was otherwise unable due to some reasonable causes to present his case.

(iv) the arbitral award deals with a dispute not contemplated by or not falling within the terms of the submission to arbitration, or it contains decision on matters beyond the scope of the submission to arbitration;

Provided that, if the decisions on matters submitted to arbitration can be separated from those not so submitted, only that part of the arbitral award which contains decisions on matters not submitted to arbitration may be set aside;

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## পরিচ্ছেদ-৮

### সালিসী রোয়েদাদের বিরুদ্ধে ব্যবস্থা

**৪২। সালিসী রোয়েদাদ বাতিলের আবেদন**—(১) কোন পক্ষ কর্তৃক সালিসী রোয়েদাদ প্রাপ্তির ষাট দিনের মধ্যে দাখিলকৃত আবেদনের ভিত্তিতে আদালত আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসে প্রদত্ত রোয়েদাদ ব্যতীত এই আইনের অধীন প্রদত্ত কোন সালিসী রোয়েদাদ বাতিল করিতে পারিবে।

(২) কোন পক্ষ কর্তৃক সালিসী রোয়েদাদ প্রাপ্তির ষাট দিনের মধ্যে দাখিলকৃত আবেদনের ভিত্তিতে হাইকোর্ট বিভাগ বাংলাদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসে প্রদত্ত কোন সালিসী রোয়েদাদ বাতিল করিতে পারিবে।

**৪৩। সালিসী রোয়েদাদ বাতিলের কারণসমুহ**—(১) কোন সালিসী রোয়েদাদ বাতিল করা যাইতে পারে, যদি—

(ক) কোন পক্ষ আবেদন দাখিল করিয়া এই মর্মে প্রমাণ উপস্থাপন করে যে-

(অ) সালিসী চুক্তির কোন এক পক্ষের কোনরূপ অক্ষমতা ছিল;

(আ) যে আইনের অধীন পক্ষগণ সালিস চুক্তি করিয়াছে সেই আইনটি বৈধ আইন নহে;

(ই) আবেদনকারী পক্ষকে সালিসকারী নিয়োগে বা সালিসী কার্যধারা সম্পর্কে যথাযথ নোটিশ প্রদান করা হয় নাই অথবা উক্ত পক্ষ তাহার মামলা উপস্থাপন করিতে অন্য কোন যুক্তিসংগত কারণে অক্ষম হইয়াছিল;

(ঈ) সালিসী রোয়েদাদ এমন কোন বিরোধীয় বিষয় সম্পর্কিত যাহা সালিসে প্রেরিত বিষয়ের উদ্দেশ্য বা শর্ত বহির্ভূত বা উহাতে এমন সিদ্ধান্ত রহিয়াছে যাহা সালিসে প্রেরিত বিষয়ের পরিধি বহির্ভূতঃ

তবে শর্ত থাকে যে, যদি সালিসে প্রেরিত হয় নাই এইরূপ বিষয়কে সালিসে প্রেরিত হইয়াছে এইরূপ বিষয় হইতে পৃথক করা সম্ভব হয় তাহা হইলে সালিসে প্রেরিত না হওয়া বিষয়ের উপর সিদ্ধান্ত সম্পর্কিত অংশ বাতিল করা যাইতে পারে;

**In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.**



(v) the composition of the arbitral tribunal or the arbitral procedure was not in accordance with the agreement of the parties, unless such agreement was in conflict with the provisions of this Act, or, in the absence of such agreement, was not in accordance with the provisions of this Act.

(b) the court or the High Court Division, as the case may be, is satisfied that—

(i) the subject matter of the dispute is not capable of settlement by the arbitration under the law for the time being in force in Bangladesh;

(ii) the arbitral award is *prima facie* opposed to the law for the time being in force in Bangladesh;

(iii) the arbitral award is in conflict with the public policy of Bangladesh or

(iv) the arbitral award is induced or affected by fraud or corruption.

(2) Where an application is made to set aside an award, the court or the High Court Division, as the case may be, may order that any money payable by the award shall be deposited in the Court or the High Court Division, as the case may be, or otherwise secured pending the determination of the application.

*Explanation*—The expression "Court", in this section means the Court within the local limits of whose jurisdiction the arbitral award has been finally made and signed.

## Chapter-IX

### Enforcement of arbitral awards

**44. Enforcement of arbitral award**—Where the time for making an application to set aside the arbitral award under section 42 has expired, or such application having been made, it has been refused, the award shall be enforced under the Code of Civil Procedure, in the same manner as if it were a decree of the Court.

*Explanation*—The expression "Court", in this section means the Court within the local limits of whose jurisdiction the arbitral awared has been finally made and signed.

(উ) সালিসী ট্রাইব্যুনালের গঠন বা সালিসী পদ্ধতি পক্ষগণের চুক্তির সহিত সংগতিপূর্ণ ছিল না অথবা এইরূপ চুক্তির অবর্তমানে এই আইনের বিধানাবলীর সহিত সংগতিপূর্ণ নয়;

(খ) আদালত কিংবা ক্ষেত্রমত, হাইকোর্ট বিভাগ এই মর্মে সন্তুষ্ট হয় যে-

(অ) বিরোধের বিষয়বস্তু বাংলাদেশে প্রচলিত আইন অনুসারে সালিসের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য নহে;

(আ) সালিসী রোয়েদাদ দৃশ্যতঃ বাংলাদেশে প্রচলিত কোন আইনের পরিপন্থী;

(ই) সালিসী রোয়েদাদ বাংলাদেশের জননীতির পরিপন্থী; অথবা

(ঈ) সালিসী রোয়েদাদ তঞ্চকতা বা দুর্নীতি দ্বারা প্ররোচিত বা প্রভাবান্বিত।

(২) কোন পক্ষ রোয়েদাদ বাতিল করার জন্য আবেদন দাখিল করিলে আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আদালত বা ক্ষেত্রমত, হাইকোর্ট বিভাগ রোয়েদাদের অধীনে প্রদেয় কোন অর্থ, যদি থাকে, আদালতে বা ক্ষেত্রমত হাইকোর্ট বিভাগে নগদে অথবা অন্য কোনভাবে জামানত হিসাবে জমা করিবার জন্য উক্ত পক্ষকে আদেশ করিতে পারিবে।

*ব্যাখ্যা*—এই ধারায় "আদালত" অর্থে যে আদালতের অধিক্ষেত্রের স্থানীয় সীমার ভিতরে সালিসী রোয়েদাদটি চূড়ান্তভাবে প্রদত্ত ও স্বাক্ষরিত হইয়াছে উক্ত আদালতকে বুঝাইবে।

## পরিচ্ছেদ-৯

### সালিসী রোয়েদাদের প্রয়োগ

**৪৪। সালিসী রোয়েদাদের প্রয়োগ**—ধারা ৪২ এর অধীন সালিসী রোয়েদাদ বাতিল করার আবেদন দাখিলের সময়সীমা উত্তীর্ণ হইলে অথবা অনুরূপ আবেদন অগ্রাহ্য হইলে, দেওয়ানী কার্যবিধির অধীন আদালত কর্তৃক কোন সালিসী রোয়েদাদ এমনভাবে প্রয়োগ করা হইবে যেন উহা ঐ আদালতেরই ডিক্রি।

*ব্যাখ্যা*—এই ধারার "আদালত" অর্থে এই আদালতের অধিক্ষেত্রের স্থানীয় সীমার ভিতরে সালিসী রোয়েদাদটি চূড়ান্তভাবে প্রদত্ত ও স্বাক্ষরিত হইয়াছে উক্ত আদালতকে বুঝাইবে।

# Chapter X

## Recognition and enforcement of certain foreign arbitral awards

**45. Recognition and enforcement of Foreign arbitral awards**—(1) Notwithstanding anything contained in any law for the time being in force, subject to the provisions of section 46—

(a) any foreign award which would be enforceable shall be treated as binding for all purposes on the persons as between whom it was made and may accordingly be relied on by any of those persons by way of defence, set of or otherwise in any legal proceedings in Bangladesh.

(b) a foreign arbitral award shall, on the application being made to it by any party, be enforced by execution by the Court under the Code of Civil Procedure in the same manner as if it were a decree of the Court.

(2) An application for the execution of a foreign arbitral award shall be accompanied by—

(a) the original arbitral award or a copy thereof, duly authenticated in the manner required by the law of the country in which it was made.

(b) the original agreement for arbitration or a duly certified copy thereof; and

(c) such evidence as may be necessary to prove that the award is a foreign award.

(3) If the award or agreement to be produced under sub-section (2) is in English or in any other languages excepting Bangla, the party seeking to enforce the award under sub-section (1), shall produce a translation into English certified as correct by a diplomatic or consular agent of the country to which that party belongs or certified as correct in such other manner as may be sufficient according to the law in force in Bangladesh.

## পরিচ্ছেদ-১০

### কতিপয় বিদেশী সালিসী রোয়েদাদের স্বীকৃতি ও বাস্তবায়ন

**৪৫। বিদেশী সালিসী রোয়েদাদের স্বীকৃতি এবং বাস্তবায়ন**—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৪৬ এর বিধানাবলী সাপেক্ষে—

(ক) যে সকল ব্যক্তি সম্পর্কে কোন বিদেশী সালিসী রোয়েদাদ প্রদত্ত হইয়াছে তাহাদের উপর উহা বাধ্যকর হইবে এবং তদানুসারে ঐ সকল ব্যক্তি বাংলাদেশে কোন আইনগত কার্যধারার জবাব প্রতিগণন (set off) বা অন্য উদ্দেশ্যে উহার উপর নির্ভর করিতে পারিবে;

(খ) কোন পক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে কোন বিদেশী সালিসী রোয়েদাদ আদালত কর্তৃক দেওয়ানী কার্যবিধির বিধান অনুসারে আদালতের ডিক্রি যেভাবে কার্যকর করা হয় সেভাবে কার্যকর হইবে।

(২) কোন বিদেশী সালিসী রোয়েদাদ কার্যকর করার জন্য দাখিলকৃত আবেদনের সহিত নিম্নোক্ত বিষয়সমূহ সংযুক্ত করিতে হইবে, যথাঃ—

(ক) মূল সালিসী রোয়েদাদ অথবা যে দেশে প্রদত্ত হইয়াছে সেই দেশের আইন অনুসারে যথাযথভাবে প্রমাণীকৃত উহার অনুলিপি;

(খ) মূল সালিস চুক্তি অথবা উহার প্রত্যায়িত অনুলিপি; এবং

(গ) এইরূপ সাক্ষ্য যাহা রোয়েদাদটি বিদেশী রোয়েদাদ মর্মে প্রমাণের নিমিত্ত আবশ্যক।

(৩) উপ-ধারা (২) এর অধীন দাখিলতব্য রোয়েদাদ বা চুক্তিপত্র যদি ইংরেজী বা বাংলা ভিন্ন অন্য কোন ভাষায় হইয়া থাকে, তাহা হইলে উপ-ধারা (১) এর অধীন আবেদনকারী যে দেশের নাগরিক সেই দেশের কূটনৈতিক বা কনস্যুলার প্রতিনিধি কর্তৃক শুদ্ধ মর্মে প্রত্যায়িত অথবা বাংলাদেশে বলবৎ আইন অনুযায়ী পর্যাপ্ত বিবেচিত হইতে পারে এইরূপ অন্য কোনভাবে শুদ্ধ মর্মে প্রত্যায়িত আকারে ইংরেজী ভাষায় উহার একটি অনুবাদ উক্ত উপধারার অধীন দাখিলীয় আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

*Explanation*—The expression "Court" shall mean the District Judge's Court exercising the jurisdiction within the district of Dhaka for the purposes of this section.

**46. Grounds for refusing recognition or execution of foreign arbitral awards**—(1) Recognition or execution of foreign arbitral award may be refused only on the following grounds, namely—

(a) if the party against whom it is invoked furnishes proof to the Court that—

(i) a party to the arbitration agreement was under some incapacity,

(ii) the arbitration agreement is not valid under the law to which the parties have subjected it;

(iii) the party against whom the award is invoked was not given proper notice of the appointment of the arbitrator or of the arbitral proceedings or was otherwise unable due to some reasonable causes to present his case; or

(iv) the concerned foreign arbitral award contains decisions on matters beyond the scope of the submission to arbitration :—

Provided that, if the decisions on matters submitted to arbitration can be separated from those not so submitted, that part of the award which contains decisions on matters submitted to arbitration may be recognised and enforced.

(v) the composition of the arbitral tribunal or the arbitral procedure was not in accordance with the agreement of the parties or, failing such agreement, was not in accordance with the law of the country where the arbitration took place.

(vi) the award has not yet become binding on the parties, or has been set aside or suspended by a competent authority of the country in which, or under the law of which, that award was made; or

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

*ব্যাখ্যা*—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে "আদালত" অর্থে ঢাকা জেলার অধিক্ষেত্র প্রয়োগকারী জেলাজজের আদালতকে বুঝাইবে।

**৪৬। বিদেশী সালিসী রোয়েদাদ বাস্তবায়ন অস্বীকৃতির কারণসমূহ**—(১) কেবলমাত্র নিম্নোক্ত কারণে বিদেশী সালিসী রোয়েদাদ কার্যকর করিতে অস্বীকার করা যাইতে পারে, যথাঃ—

(ক) যে পক্ষের বিরুদ্ধে উহা প্রয়োগ করা হয় সেই পক্ষ যদি যে আদালতে উহা কার্যকর করার দাবী করা হয় সেই আদালতে এই মর্মে প্রমাণ উপস্থাপন করে যে—

(অ) সালিস চুক্তির কোন এক পক্ষের কোনরূপ অক্ষমতা ছিল;

(আ) যে আইনের অধীনে পক্ষগণ সালিস চুক্তি করিয়াছে সেই আইনটি বৈধ আইন নহে;

(ই) আবেদনকারী সালিসকারী নিয়োগ বা সালিসী কার্যধারা সম্পর্কে যথাযথ নোটিশ প্রদান করা হয় নাই, অথবা উক্ত পক্ষ তাহার মামলা উপস্থাপন করিতে বা অন্য কোন যুক্তিসংগত কারণে অক্ষম হইয়াছিল; বা

(ঈ) সংশ্লিষ্ট বিদেশী সালিসী রোয়েদাদ এমন কোন বিরোধীয় বিষয় নিষ্পত্তি করিয়াছে যাহা সালিসে প্রেরিত বিষয় বহির্ভূত ছিলঃ—

তবে শর্ত থাকে যে, সালিসে প্রেরিত বিষয়ের উপর প্রদত্ত সিদ্ধান্তে যদি সালিসে প্রেরিত হয় নাই এমন বিষয় হইতে পৃথক করা সম্ভব হয় তা হইলে সালিসে প্রেরিত ঐরূপ বিষয়ের উপর প্রদত্ত সিদ্ধান্ত সম্বলিত বিদেশী রোয়েদাদ আংশিকভাবে স্বীকৃতি প্রদান ও বাস্তবায়ন করা যাইবে; অথবা

(উ) সালিসী ট্রাইব্যুনালের গঠন বা সালিসী পদ্ধতি পক্ষগণের চুক্তির সহিত সংগতিপূর্ণ ছিল না অথবা এইরূপ চুক্তির অবর্তমানে যে দেশে সালিস অনুষ্ঠিত হইয়াছে সেই দেশের আইনের সহিত সংগতিপূর্ণ ছিল না; অথবা

(ঊ) সালিসী রোয়েদাদ এখনও পক্ষগণের উপর বাধ্যকর হয় নাই, অথবা যে দেশে বা যে দেশের আইনের অধীনে রোয়েদাদ প্রদত্ত হইয়াছিল উহার কোন বৈধ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত রোয়েদাদ বাতিল বা স্থগিত করা হইয়াছে; অথবা

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

(b) the court in which recognition or execution of the foreign arbitral award is sought, finds that—

(i) the subject matter of the dispute is not capable of settlement by arbitration under the law for the time being in force in Bangladesh; or

(ii) the recognition and execution of the foreign arbitral award is in conflict with the public policy of Bangladesh.

(2) If an application for the setting aside or suspension of the enforcement of the foreign arbitral award has been made to a competent authority referred to in sub-clause (e) of clause (a) of sub-section (1) the Court may, if it considers it proper, adjourn the decision on the enforcement of the foreign arbitral award and may also, on the application of the party claiming enforcement of the foreign award, order the other party to give suitable security.

**47. Power of Government to declare specified state** —For the purposes of this chapter, the Government may, by notification in the official Gazette, declare a state as a specified state.

## Chapter-XI

### Appeals

**48. Appeals**—An appeal shall lie from the following orders of the Court to the Appellate Division, namely—

(a) setting aside or refusing to set aside an arbitral award under sub-section (1) of section 42.

(b) refusing to enforce the arbitral award under section 44.

(c) refusing to recognize or enforce any foreign arbitral award under section 45.

(খ) যে আদালতে বিদেশী সালিসী রোয়েদাদ কার্যকর করার দাবী করা হইয়াছে উক্ত আদালতের মতে—

(অ) বিরোধের বিষয়বস্তু বাংলাদেশে প্রচলিত আইন অনুসারে সালিসের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য নহে ; অথবা

(আ) বিদেশী সালিসী রোয়েদাদটি কার্যকর করা বাংলাদেশের জননীতির পরিপন্থী হইবে।

(২) যদি উপ-ধারা (১) এর দফা (ক) এর উপ-দফা (উ) এ উল্লিখিত উপযুক্ত কর্তৃপক্ষের নিকট বিদেশী সালিসী রোয়েদাদ বাতিল বা স্থগিত করার জন্য আবেদন দায়ের করা হইয়া থাকে, তাহা হইলে যে আদলতে বিদেশী সালিসী রোয়েদাদ কার্যকর করার দাবী করা হয়, উক্ত আদালত, উপযুক্ত মনে করিলে রোয়েদাদ কার্যকর করার সিদ্ধান্ত স্থগিত করিতে পারিবে এবং রোয়েদাদ কার্যকর করার দাবীকারীর আবেদনের ভিত্তিতে অপর পক্ষকে উপযুক্ত জমানত প্রদানের আদেশ দিতে পারিবে।

৪৭। **নির্দিষ্ট রাষ্ট্র ঘোষণার জন্য সরকারের ক্ষমতা**—এই পরিচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা কোন রাষ্ট্রকে নির্দিষ্ট রাষ্ট্র হিসাবে চিহ্নিত করিয়া ঘোষণা দিতে পারিবে।

## পরিচ্ছেদ-১১

### আপীল

৪৮। **আপীল**—আদালত কর্তৃক প্রদত্ত নিম্নবর্ণিত আদেশসমূহ হইতে হাইকোর্ট বিভাগে আপীল দায়ের করা যাইবে, যথাঃ—

(ক) ধারা ৪২ এর উপ-ধারা (১) এর অধীন সালিসী রোয়েদাদ বাতিল কিংবা বাতিল করিতে অস্বীকৃতি;

(খ) ধারা ৪৪ এর অধীন সালিসী রোয়েদাদ বাস্তবায়ন করিতে অস্বীকৃতি;

(গ) ধারা ৪৫ এর অধীন কোন বেদেশী সালিসী রোয়েদাদ এর স্বীকৃতি বা বাস্তবায়ন করিতে অস্বীকৃতি।

# Chapter XII

## Miscellaneous

**49. Deposit of costs etc**—(1)The arbitral tribunal may fix the amount of the deposit as an advance for the costs referred to in sub-section (7) of section 38, which it expects will be incurred in respect of the claim submitted to it:

Provided that where, apart from the claim, a counter-claim has been submitted to the arbitral tribunal, it may fix separate amount of deposit for the claim and counter-claim.

(2) The deposit referred to in sub-section (1) shall be payable in equal shares by the parties :

Provided that where one party fails to pay his share of the deposit, the other party may pay that share :

Provided further that where the other party also does not pay the aforesaid share in respect of the claim or the counter-claim, the arbitral tribunal may terminate the arbitral proceedings in respect of such claim or counter claim or refuse to make an award to the parties.

(3) Upon termination of the arbitral proceedings, the arbitral tribunal shall render an accounting to the parties of the deposits received and shall return any unexpended balance to the party or parties, as the case may be.

**50. Dispute as to arbitrator's remuneration or costs**— (1) If in any case an arbitral tribunal refuses to deliver its award except on payment of the costs demanded by it, the court may, on an application in this behalf, order that—

(a) the arbitral tribunal shall deliver the award to the applicant on payment into court by the applicant of the costs demanded, and

(b) The Court shall, after such inquiry, if any, as it thinks fit, further order that out of the money so paid into Court there shall be paid to the arbitral tribunal by way of costs such sum as the court may consider reasonable and that the balance of the money if any, shall be refunded to the applicant.

## পরিচ্ছদ-১২
### বিবিধ

**৪৯। খরচ, ইত্যাদির জমাকরণ**—(১) সালিসী ট্রাইব্যুনাল উহার নিকট দাখিলকৃত কোন দাবীর সংশ্লেষ ধারা ৩৮ এর উপ-ধারা (৭) এর উল্লিখিত খরচ হিসাবে ব্যয় হইতে পারে এমন অর্থের পরিমাণ আগাম জমার জন্য নির্ধারণ করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে দাবী ছাড়াও পাল্টা দাবী সালিসী ট্রাইব্যুনালে দাখিল করা হয় সেইক্ষেত্রে সালিসী ট্রাইব্যুনাল উক্তরূপ দাবী এবং পাল্টা দাবী সংশ্লেষে ব্যয়িতব্য জমার ভিন্ন ভিন্ন পরিমাণ নির্ধারণ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত জমার অর্থ পক্ষগণ কর্তৃক সমান অংশে পরিশোধিতব্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন এক পক্ষ উহার অংশ জমা করিতে অসমর্থ হইলে, অপর পক্ষ সেই অংশ জমা করিতে পারিবেঃ

আরো শর্ত থাকে যে, অপর পক্ষও যদি উপরোল্লিখিত দাবী বা পাল্টা দাবী সম্পর্কিত অংশ জমা না করে তাহা হইলে সালিসী ট্রাইব্যুনাল সালিসী কার্যধারা, সমাপ্তি ঘোষণা করিতে পারিবে অথবা পক্ষগণকে রোয়েদাদ প্রদান করিতে অস্বীকার করিতে পারিবে।

(৩) সালিসী কার্যধারার সমাপ্তি হওয়ার পর সালিসী ট্রাইব্যুনাল জমা সম্পর্কে একটি হিসাব পক্ষগণকে সরবরাহ করিবে এবং অব্যয়িত অর্থ, পক্ষকে বা ক্ষেত্রমত, পক্ষগণকে ফেরত প্রদান করিবে।

**৫০। সালিসকারীর পারিশ্রমিক ও খরচ সম্পর্কে বিরোধ**—(১) যদি কোন সালিসী ট্রাইব্যুনাল তদকর্তৃক দাবীকৃত খরচ পরিশোধ ব্যতীত উহার রোয়েদাদ প্রদান করিতে অস্বীকার করে, তাহা হইলে আদালত এতদুদ্দেশ্যে কোন পক্ষ কর্তৃক পেশকৃত আবেদনের ভিত্তিতে আদেশ প্রদান করিতে পারিবে যে—

(ক) উক্ত পক্ষ সালিসী ট্রাইব্যুনালের দাবীকৃত খরচের অর্থ আদালত জমা করিলে, সংশ্লিষ্ট ট্রাইব্যুনাল সালিসী রোয়েদাদ প্রদান করিবে; এবং

(খ) আদালতের বিবেচনায় প্রয়োজনীয় তদন্তের পর জমাকৃত টাকা হইতে যুক্তিসংগত খরচের টাকা হিসাবে সালিসী ট্রাইব্যুনালকে প্রদানের পর উদ্বৃত্ত যদি থাকে, উক্ত পক্ষকে ফেরত প্রদান করা হইবে।

(2) An application under sub-section (1) may be made by any party under the fees demanded have been fixed by written agreement between him and the arbitral tribunal, and the tribunal shall be entitled to appear and be heard on any such application.

(3) The Court may make such orders as it thinks fit respecting the costs of the arbitration where any question arises respecting such costs and the arbitral award contains no sufficient provision concerning them.

(4) Subject to the provisions of sub-section (1) and to any provision to the contrary in the arbitration agreement, the arbitral tribunal shall have a lien on the arbitral award for any unpaid costs of the arbitration.

**51. Arbitration agreement not to be discharged by death of parties there to**—(1) Unless otherwise agreed by the parties—

(a) an arbitration agreement shall not be discharged by the death of any party thereto, but shall in such event be enforceable by or against the legal representative of the deceased.

(b) the mandate of an arbitrator shall not be affected by the death of any party by whom he was appointed.

(2) Nothing in this section shall affect the operation of any law by virtue of which any right of action is extinguished by the death of a person.

**52. Provision in case of bankruptcy**—(1) Where it is provided by a term in a contract to which an insolvent is a party that any dispute arising thereout or in connection therewith shall be submitted to arbitration, the said term shall, if the receiver adopts the contract, be enforceable by or against him so far as it relates to any such dispute.

(২) উপ-ধারা (১) এর অধীন যে কোন পক্ষ আবেদন করিতে পারিবে যদি তাহার সহিত সালিসী ট্রাইব্যুনালের লিখিত চুক্তি দ্বারা দাবীকৃত ফি নির্ধারিত হইয়া না থাকে এবং এইরূপ যে কোন আবেদনের বিষয়ে সালিসী ট্রাইব্যুনালের আদালতে হাজির হওয়ার এবং বক্তব্য পেশ করিবার অধিকার থাকিবে।

(৩) যে ক্ষেত্রে সালিসের খরচ সম্পর্কে বিতর্ক উথাপিত হয় এবং উক্তরূপ খরচ সম্পর্কে সালিসী রোয়েদাদে পর্যাপ্ত বিধান অন্তর্ভুক্ত না থাকে, সে ক্ষেত্রে আদালত সালিসের খরচ সম্পর্কে উহার বিবেচনায় সংগত যে কোন আদেশ প্রদান করিতে পারিবে।

(৪) উপ-ধারা (১) এর বিধানাবলী এবং সালিসী চুক্তির ভিন্নতর শর্ত, যদি থাকে, সাপেক্ষে সালিসী রোয়েদাদে সালিসের অনাদায়ী কোন খরচ আদায় সংক্রান্ত বিষয়ে ট্রাইব্যুনালের অগ্রস্বত্ব (lien) থাকিবে।

**৫১। কোন পক্ষের মৃত্যুজনিত কারণে সালিস চুক্তি দায়মুক্ত নয়**—(১) পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে—

(ক) কোন পক্ষের মৃত্যুজনিত কারণে কোন সালিস চুক্তি দায়মুক্ত (discharge) হইবে না এবং ক্ষেত্রমত, মৃতের আইনানুগ প্রতিনিধি দ্বারা বা উক্ত প্রতিনিধির বিরুদ্ধে বলবৎযোগ্য হইবে;

(খ) যে পক্ষের দ্বারা সালিসকারী নিযুক্ত হইয়াছে সেই পক্ষের মৃত্যুর কারণে সংশ্লিষ্ট সালিসকারীর কর্তৃত্ব ক্ষুন্ন হইবে না।

(২) এই ধারার কোন কিছুই কোন ব্যক্তির মৃত্যুর মাধ্যমে তাহার অধিকার লোপ পাওয়া সংক্রান্ত প্রচলিত অন্যান্য আইনের বিধানকে ক্ষুন্ন করিবে না।

**৫২। দেউলিয়াত্বের ক্ষেত্রে বিধান**—(১) দেউলিয়া আইন এর অধীন দেউলিয়া ঘোষিত কোন ব্যক্তি যদি এমন কোন চুক্তিতে পক্ষ থাকেন যাহাতে এই মর্মে শর্ত থাকে যে, উক্ত চুক্তি হইতে উদ্ভূত বা উক্ত সংশ্লেষে যে কোন বিরোধ সালিসে প্রেরিত হইবে, তাহা হইলে উক্ত আইনের অধীন নিযুক্ত রিসিভার যদি উক্ত চুক্তি গ্রহণ (adopt) করেন, সেইক্ষেত্রে অনুরূপ শর্ত যতদূর উক্ত বিরোধের সহিত সংশ্লিষ্ট ততদূর উক্ত রিসিভার দ্বারা বা রিসিভাররের বিরুদ্ধে তাহার দ্বারা তাহার বিরুদ্ধে প্রযোজ্য হইবে।

(2) Where a person who has been adjudged an insolvent had, before the commencement of the insolvency proceedings, become a party to an arbitration agreement, and any matter to which the agreement applies is required to be determined in connection with, or for the purpoes of, the bankruptcy proceedings,

(a) then, if the case is one to which sub-section (1) doesnot apply, any other party or the receiver may apply to the judicial authority having jurisdiction in the bankruptcy proceedings for an order directing that the matter in question shall be submitted to arbitration in accordance with the arbitration agreement; and

(b) the Bankruptcy Court may, if it is of opinion that, having regard to all the circumstances of the case, the matter ought to be determined by arbitration, make an order accordingly.

*Explanation*—In this section "Bankruptcy Act" means "Bankruptcy Act" 1997 (Act No. X of 1997) and "Receiver" means the receiver as explained in Clause (4) of section 2 of the Bankruptcy Act.

**53. Jurisdiction**—Notwithstanding anything contained elsewhere in this Act, or in any other law for the time being in force, where with respect to an arbitration agreement any application under this Act has been made in a Court—

(a) that court alone shall have jurisdiction over the arbitral proceedings, and

(b) all subsequent applications arising out of that agreement and the arbitral proceedings shall be made in that court and in no other court.

**54. Application of this Act to other laws providing for arbitration**—Nothing of this Act shall apply to the Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969) or to under any other law making special provisions for arbitration.

বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে সালিশী আইনের বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

(২) যেইক্ষেত্রে দেউলিয়া আইন এর অধীন দেউলিয়া ঘোষিত কোন ব্যক্তি দেউলিয়া কার্যধারা শুরু হইবার পূর্বেই কোন সালিস চুক্তিতে পক্ষ হইয়া থাকেন এবং উক্ত চুক্তি সম্পর্কিত কোন বিষয়ে যদি দেউলিয়া কার্যধারা সম্পর্কে বা উক্ত কার্যধারার উদ্দেশ্যে সাব্যস্ত হওয়া আবশ্যক হয়

(ক) তাহা হইলে বিষয়টিতে উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্য না হওয়ার ক্ষেত্রে উক্ত আইন এর অধীন অন্য কোন পক্ষ অথবা নিযুক্ত রিসিভার এখতিয়ারসম্পন্ন দেউলিয়া আদালতে চলমান দেউলিয়া কার্যধারার আবেদন করিয়া এইমর্মে আদেশের জন্য আবেদন করিতে পারিবে যেন বিরোধীয় প্রশ্নটি সালিস চুক্তি অনুযায়ী সালিসে প্ররণ করা হয়; এবং

(খ) দেউলিয়া আদালত, এইরূপ ক্ষেত্রে বিষয়টির সংশ্লিষ্ট পারিপার্শ্বিকতা বিবেচনায় যদি এইরূপ অভিমত পোষণ করে যে, বিষয়টি সালিসের মাধ্যমে সাব্যস্ত হওয়া প্রয়োজন, তাহা হইলে উক্তরূপ আদেশ প্রদান করিতে পারিবে।

*ব্যাখ্যা*—এই ধারায় "দেউলিয়া আইন' অর্থ দেউলিয়া বিষয়ক আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১০ নং আইন) এবং "রিরিভার" অর্থ দেউলিয়া আইনের ধারা ২ এর দফা (৪) এর ব্যাখ্যাত রিসিভারকে বুঝাইবে।

৫৩। **অধিক্ষেত্র**—এই আইন বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, যেইক্ষেত্রে এই আইনের অধীন কোন সালিস চুক্তি সম্পর্কে কোন আদালতে কোন আবেদন করা হয়, সেইক্ষেত্রে—

(ক) কেবলমাত্র উক্ত আদালতেরই উক্ত সালিসী কার্যধারার উপর অধিক্ষেত্র থাকিবে; এবং

(খ) উক্ত চুক্তি ও সালিসী কার্যধারা হইতে পরবর্তীতে উদ্ভুত সকল কার্যধারা কেবলমাত্র উক্ত আদলতেই দায়ের করা যাইবে, অন্য কোন আদালতে দায়ের করা যাইবে না।

৫৪। **সালিস এর বিধান সম্বলিত আইনের ক্ষেত্রে এই আইনের প্রয়োগ**—এই আইনে কোন কিছুই Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969) বা সালিসের জন্য বিশেষ বিধান সম্বলিত অন্য কোন আইনের অধীন সালিসের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

**55. Limitations**—(1) subject to the provisions of this Act, the Limitation Act, shall apply to arbitrations under this Act as they apply to proceedings in Court.

(2) For the purposes of this section and the Limitation Act, an arbitration shall be deemed to have commenced on the date referred in section 27.

(3) Where an arbitration agreement to submit future disputes to arbitration provided that any claim to which the agreement applies shall be barred unless some step to commence arbitral proceedings is taken within a time fixed by the agreement, the court may, on such terms, if any, as the justice of the case may require, extend the time for such period as it thinks proper.

(4) Where the court orders that an arbitral award be set aside, the period between the commencement of the arbitration and the date of the order of the court shall be excluded in computing the time prescribed by the Limitation Act.

**56. Publication of a text in English**—After the commencement of this Act, the Government shall, by notification in the official Gazette, publish an Authentic text in English which shall be known as the Authentic English Text, of this Act:

Provided that in the event of any conflict between this Act and the English text, this Act shall prevail.

## Chapter XIII

### Supplementary Provisions

**57. Power of the Government to make rules**—Subject to the provisions of section 58, the Government may, by notification in the official Gazette, make rules for carrying out the provisions of this Act.

**৫৫। তামাদি**—(১) এই আইনের বিধানাবলী সাপেক্ষে তামাদি আইন আদালতের কার্যধারার ক্ষেত্রে যেভাবে প্রযোজ্য হয় একইভাবে এই আইনের অধীন সালিসের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(২) এই ধারা এবং তামাদি আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোন সালিস ধারা ২৭ এ উল্লিখিত তারিখে শুরু হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) যেইক্ষেত্রে ভবিষ্যতে উদ্ভূত কোন বিরোধ সালিসে প্রেরণ করার লক্ষ্যে সালিস চুক্তিতে এইরূপ সংস্থান করা হয় যে, কোন দাবী চুক্তিতে নির্ধারিত সময়সীমার মধ্যে বারিত হইবে যদি চুক্তিতে নির্ধারিত সময়সীমার মধ্যে সালিসী কার্যধারা শুরু করার লক্ষ্যে কোন পদক্ষেপ গৃহীত না হয় সেইক্ষেত্রে আদালত উহার বিবেচনায় ন্যায় বিচারের স্বার্থে উপযুক্ত শর্ত আরোপ করা সাপেক্ষে সময়সীমা যুক্তিসংগতভাবে বর্ধিত করিতে পারিবে।

(৪) যেইক্ষেত্রে আদালত কোন সালিসী রোয়েদাদ বাতিলের আদেশ করিয়া থাকে, সেইক্ষেত্রে সালিস শুরু হওয়ার তারিখ হইতে আদালত কর্তৃক আদেশ প্রদত্ত হওয়ার তারিখের মধ্যবর্তী সময় তামাদি আইন অনুসারে গণনা বহির্ভূত থাকিবে।

**৫৬। ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ**—এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা এই আইনের ইংরেজীতে অনুদিত একটি প্রমাণীকৃত পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের প্রমাণীকৃত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই আইন ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

## পরিচ্ছেদ-১৩

### সম্পূরক বিধানাবলী

**৫৭। সরকারের বিধি প্রণয়নের ক্ষমতা**—ধারা ৫৮ এর বিধান সাপেক্ষে, সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারী গেজেট প্রজ্ঞাপনের দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

In the event of conflict between the Bengali and the English, the Bengali text of the Arbitration Act shall prevail.

**58. Power of the Supreme Court to make rules in certain cases**—The Supreme Court may, with the approval of the President, make rules consistent with this Act, for regulating the proceedings of the High Court Division or the Court under this Act.

## Chapter XIV

### Repeals and Savings

**59. Repeal and savings**—(1) The Arbitration (Protocol and Convention) Act, 1937, The Arbitration Act, 1940, hereinafter mentioned as Acts, are hereby repealed.

(2) Notwithstanding such repeal, the provisions of the enactments as referred to in sub section (1) shall apply to all arbitral proceedings which commenced before this Act came into force unless otherwise agreed by the parties, as if this Act were not promulgated.

--- --- ---

**৫৮। কতিপয় ক্ষেত্রে সুপ্রীম কোর্টের বিধি প্রণয়নের ক্ষমতা**—সুপ্রীম কোর্ট, রাষ্ট্রপতির অনুমোদনক্রমে, হাইকোর্ট বিভাগ বা আদালতের কার্যধারা নিয়ন্ত্রণের জন্য এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ বিধি প্রণয়ন করিতে পারিবে।

## পরিচ্ছেদ-১৪

### রহিতকরণ ও হেফাজত

**৫৯। রহিতকরণ ও হেফাজত**—(১) The Arbitration (Protocol and Convention) Act, 1937, The Arbitration Act 1940, অতঃপর উক্ত Acts বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও পক্ষগণ ভিন্নভাবে সম্মত না হইলে, উপ-ধারা (১) এ উল্লিখিত Acts এর বিধানাবলী, এই আইন বলবৎ হওয়ার পূর্বে শুরু হওয়া সালিসী কার্যধারার ক্ষেত্রে এমনভাবে প্রযোজ্য হইবে যেন এই আইন প্রণীত হয় নাই।